গ্লোবাল ডায়ালগ

৯.১

১৭টি ভাষায় বছরে ৩টি সংখ্যা

সার্বজনীন সমাজবিজ্ঞানের জন্য নতুন দিক নির্দেশনা

সারি হানাফি

শ্রেণী ও অসমতা নিয়ে গবেষণা

প্রোজেক্ট ক্লাসেনঅ্যানালাইস
পাবলো পেরেজ
রডলফো এলবার্ট
ভেটলানা ইয়ারোশেনকো
এনাগাই-লিং সাম
তানিয়া মুরে লি
রুথ প্যাট্রিক
রিচার্ড ইয়র্ক
ব্রেট ক্লার্ক

উন্নয়ন ধারণার পর?

জেমস কে. গলব্রাথ
ক্লাউস দোরে
এরিক পাইনল্ট
ফেডেরিকো ডিমারিয়া
অ্যানা সাভ-হার্নাক
কারিনা ডেংলার
বারবারা মুরাসা
গেব্রিয়েল সাকেলারিদিস
জর্জ রোজাস হারনেডাস

তাত্ত্বিক দৃষ্টিভঙ্গি

আরিয়েল সালেহ

ডান-পন্থী জনগণতন্ত্রবাদ

লেনা লভিনাস
গুইলহার্মে লেইতে গনকাল্ভস
আয়েস বুঁগরা
রামিরো সি.এইচ. সিগিয়ানো ব্লাঙ্কো
নাতালিয়আ তেরেসা বেরতি
জাস্টিন কাজা

উন্মুক্ত শাখা

> মেরি জাহোদা থেকে অনুপ্রেরণা গ্রহণ
> পর্তুগাল শ্রমিক সম্পর্ক
> *গ্লোবাল ডায়ালগ*-এর বাঙালি সম্পাদক দলের পরিচিতি

ম্যাগাজিন

International Sociological Association

ভলিউম ৯ / সংখ্যা ১ / এপ্রিল ২০১৯
http://globaldialogue.isa-sociology.org/

জিডি

> সম্পাদকীয়

গত জুলাইয়ে কানাডার টরেন্টোতে সমাজবিজ্ঞানের উনিশতম আইএসএ বৈশ্বিক সম্মেলনে, সারি হানাফি আন্তর্জাতিক সমাজ-বিজ্ঞান সংঘের নতুন সভাপতি নির্বাচিত হন। ২০১৯ সালের গ্লোবাল ডায়ালগের এই প্রথম ইস্যুটি আইএসএ-তে তাঁর তাত্ত্বিক দৃষ্টিভঙ্গি দিয়েই শুরু হয়েছে। সেখানে তিনি এই বহু-আধুনিকতার যুগে একটি বহুত্ববাদের ধারণার জন্য উত্তর-উপনিবেশবাদ ও কর্তৃত্ববাদের সমন্বয়ের কথা বলেছেন।

বিশ্বব্যাপী ডানপন্থী জনবহুল দলগুলোর উত্থানের পাশাপাশি, সমাজবিজ্ঞানে শ্রেণি বিতর্ক নতুন বিশিষ্টতা অর্জন করেছে। এই ইস্যুর প্রথম সিম্পোজিয়ামটি লাতিন আমেরিকা, মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানি ও দক্ষিণপূর্ব এশিয়ার বর্তমান গবেষণায় অবদানের পাশাপাশি বিশ্বব্যাপী শ্রেণি গঠন ও শ্রেণি সম্পর্কের প্রশ্নগুলোতে এই নতুন আগ্রহের প্রতিফলন ঘটায়। এই গবেষণার সাথে সাথে, সিম্পোজিয়ামটি দারিদ্র্য ও বৈষম্যের উত্থানের প্রভাবগুলো অনুসন্ধান করে।

কয়েক দশক ধরে, উদ্ভূত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্থনৈতিক কার্যকলাপের পাশাপাশি নীতির প্রবর্তন ও পাণ্ডিত্যপূর্ণ আলোচনার কেন্দ্রস্থলে পরিণত হয়েছে। বিগত বছরগুলোতে, ক্রমবর্ধমান আলোচক, সমাজবিজ্ঞানী ও অর্থনীতিবিদরাও, উন্নয়নের সীমাবদ্ধতার উপর চিত্তাকর্ষক আলোচনায় নেমেছেন। তারা জিডিপি অতিবৃদ্ধির এই একতরফা দৃষ্টিভঙ্গির পরিবেশগত ও সামাজিক বিধ্বংসী প্রভাব ও এর ভবিষ্যৎ, ও কিছু অঞ্চলে এর পরিসমাপ্তি, নিয়ে আলোচনা করেন। পাণ্ডিত্যপূর্ণ ও কর্মগত উভয় বিতর্কই সম্ভাব্য বিকল্প অনুসন্ধান করে, এবং সবচেয়ে বেশি মূলত "হ্রাস" ধারণাটির উপর, যা বার বার মোকাবেলার সম্মুখীন একটি ধারণা। দ্বিতীয় সিম্পোজিয়ামের লেখাগুলো প্রবৃদ্ধির ভবিষ্যৎ ও সম্ভাব্য হ্রাসের বিকল্পের উপর প্রতিফলন ঘটায়।

সমসাময়িক বৈশ্বিক সংকটের কথা বিবেচনা করে, অ্যারেল সাল্লেহ একটি নতুন সমাজবিদ্যাগত শ্রেণি বিশ্লেষণের উপর তার তাত্ত্বিক অবদান রেখেছেন যা মা, কৃষক ও সংগ্রহকারীদের বাস্তব দক্ষতা, যা পৃথিবীতে জীবনধারণের সক্ষমতা প্রদান করে, অনুযায়ী একত্রিত করে। পরিবেশ-নারীবাদের উপর একটি ঐতিহাসিক অনুধ্যায়ের পর, তিনি একটি সমালোচনামূলক সমাজবিজ্ঞান ও একীভূত বস্তুবাদী ধারণার প্রয়োজনীয়তার ডাক দেন।

লাতিন আমেরিকার বামপন্থী সরকারের অবসান ডানপন্থার উত্থান ঘটায়, কখনও কখনও বিশ্বের অন্যান্য অঞ্চলে কর্তৃত্ববাদী সরকারের আবির্ভাবও লক্ষ্য করা হয়। এখানে ব্রাজিল, কলোম্বিয়া, তুরস্ক ও পোল্যান্ডের পণ্ডিতগণ ডানপন্থী জনসাধারণের ঐতিহাসিক ও রাজনৈতিক বিকাশ অনুসন্ধান করেছেন।

এই ইস্যুটির ওপেন সেকশনে তিনটি নিবন্ধ অন্তর্ভুক্ত করা হয়েছে: জোহান বেসার, জুলিয়া হোফম্যান ও জর্জ হাবম্যান সম্প্রতি প্রকাশিত মেরি জাহোদার ডক্টরেট থিসিস উপস্থাপন করেছেন এবং আমাদেরকে স্মরণ করিয়ে দিয়েছেন, সামাজিক বিজ্ঞানী ও রাজনৈতিক নাগরিক হিসেবে আমরা তার জীবন ও কাজ থেকে কী শিখতে পারি। এলিসিও এস্তানক ও আন্তোনিও ক্যাসিমির ফেরেইরা আমাদের সাম্প্রতিক পোস্ট-ট্রোয়িকা সময়ে পর্তুগালের নতুন রাজনৈতিক শ্রম রূপরেখার অন্তর্দৃষ্টি দেখান। এবং *গ্লোবাল ডায়ালগের* বাঙালি দল নিজেদের ও তাদের কাজের পরিচয় দেয়। ■

ব্রিজিত আলেনবার্কার ও ক্লাউস দোরে,
গ্লোবাল ডায়ালগ-এর সম্পাদকদ্বয়

> আইএসএ-এর ওয়েবসাইটে **১৭টি ভাষায় অনূদিত গ্লোবাল ডায়ালগ ম্যাগাজিনটি পাওয়া যায়**
> **লেখা পাঠাতে পারেন globaldialogue.isa@gmail.com-এই ইমেইলে।**

ISA International Sociological Association

GLOBAL DIALOGUE

> সম্পাদনা পরিষদ

সম্পাদক: Brigitte Aulenbacher, Klaus Dörre.

সহকারী সম্পাদক: Johanna Grubner, Christine Schickert.

সহযোগী সম্পাদক: Aparna Sundar.

নির্বাহী সম্পাদক: Lola Busuttil, August Bagà.

পরামর্শক: Michael Burawoy.

গনমাধ্যম পরামর্শক: Gustavo Taniguti.

পরামর্শক সম্পাদক:
Sari Hanafi, Geoffrey Pleyers, Filomin Gutierrez, Eloísa Martín, Sawako Shirahase, Izabela Barlinska, Tova Benski, Chih-Jou Jay Chen, Jan Fritz, Koichi Hasegawa, Hiroshi Ishida, Grace Khunou, Allison Loconto, Susan McDaniel, Elina Oinas, Laura Oso Casas, Bandana Purkayastha, Rhoda Reddock, Mounir Saidani, Ayse Saktanber, Celi Scalon, Nazanin Shahrokni.

আঞ্চলিক সম্পাদনা পরিষদ

আরব বিশ্ব: Sari Hanafi, Mounir Saidani.

আর্জেন্টিনা: Juan Ignacio Piovani, Alejandra Otamendi, Pilar Pi Puig, Martín Urtasun.

বাংলাদেশ: Habibul Haque Khondker, Hasan Mahmud, Juwel Rana, US Rokeya Akhter, Toufica Sultana, Asif Bin Ali, Khairun Nahar, Kazi Fadia Esha, Helal Uddin,
Muhaimin Chowdhury, Md. Eunus Ali.

ব্রাজিল: Gustavo Taniguti, Andreza Galli, Lucas Amaral Oliveira, Benno Warken, Angelo Martins Junior, Dmitri Cerboncini Fernandes.

স্প্রাল/স্পেন: Lola Busuttil.

ইন্ডিয়া: Rashmi Jain, Pragya Sharma, Nidhi Bansal,
Sandeep Meel.

ইন্দোনেশিয়া: Kamanto Sunarto, Hari Nugroho, Lucia Ratih Kusumadewi, Fina Itriyati, Indera Ratna Irawati
Pattinasarany, Benedictus Hari Juliawan, Mohamad Shohibuddin, Dominggus Elcid Li, Antonius Ario Seto Hardjana, Diana Teresa Pakasi, Nurul Aini, Geger Riyanto, Aditya Pradana Setiadi.

ইরান: Reyhaneh Javadi, Niayesh Dolati, Sina Bastani, Sayyed Muhamad Mutallebi, Vahid Lenjanzade.

জাপান: Satomi Yamamoto, Sara Maehara, Masataka Eguchi, Riho Tanaka, Marie Yamamoto.

কাজাখস্তান: Aigul Zabirova, Bayan Smagambet,
Adil Rodionov, Almash Tlespayeva, Kuanysh Tel, Almagul Mussina, Aknur Imankul.

পোল্যান্ড: Jakub Barszczewski, Katarzyna Dębska, Anna Dulny-Leszczynska, Krzysztof Gubański, Monika Helak, Sara Herczyńska, Justyna Kościńska, Łucja Lange, Iga Łazińska, Adam Müller, Weronika Peek, Zofia Penza-Gabler, Jonathan Scovil, Marcjanna Szczepaniak, Agnieszka Szypulska, Anna Tomala, Mateusz Wojda.

রোমানিয়া: Cosima Rughinis, Raisa-Gabriela Zamfirescu, Luciana Anăstăsoaie, Costinel Anuta, Maria Loredana Arsene, Diana Alexandra Dumitrescu, Radu Dumitrescu, Iulian Gabor, Dan Gîtman, Alecsandra Irimie-Ana, Iulia Jugănaru, Ioana Mălureanu, Bianca Mihăilă, Andreea Elena Moldoveanu, Rareş-Mihai Muşat, Oana-Elena Negrea, Mioara Paraschiv, Alina Cristina Păun, Codruţ Pînzaru, Susana Maria Popa, Adriana Sohodoleanu, Elena Tudor.

রাশিয়া: Elena Zdravomyslova, Anastasia Daur, Valentina Isaeva.

তাইওয়ান: Jing-Mao Ho.

তুর্কি: Gül Çorbacıoğlu, Irmak Evren.

আইএসএ-এর নতুন প্রেসিডেন্ট ***সারি হানাফি*** *তার নির্ধারিত প্রবন্ধে আগামী দিনগুলোতে আইএসএ-এর জন্য তার পরিকল্পনা নিয়ে আলোচনা করেছেন। তিনি বৈশ্বিক "আলোচনায় সমাজবিজ্ঞান"-কে শক্তিশালী করতে বহুতত্ত্বের ভিত্তিতে একটি জ্ঞান শাখার দাবি করেছেন।*

অর্থনৈতিক প্রবৃদ্ধি *পশ্চিমা সমাজগুলিতে সমৃদ্ধির ভিত্তি গড়ে তোলে তবে পণ্যগুলির ক্রমবর্ধমান উৎপাদনটি গ্রহের পরিবেশগত ধ্বংসকে আরও বাড়িয়ে তোলে। এখানে বিশ্বব্যাপী অবদানকারীরা সমাজের অর্থনৈতিক প্রবৃদ্ধির ভূমিকা, তার সমস্যা এবং চ্যালেঞ্জগুলি এবং সেই দৃষ্টান্তের বাইরে বিকল্প দর্শনের ভূমিকা নিয়ে আলোচনা করেছেন।*

লাতিন আমেরিকার বামপন্থী সরকারগুলির অনেকগুলিই ডানপন্থী সরকারের উত্থানগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ, যা প্রায়শই বিশ্বের অন্যান্য অঞ্চলে কর্তৃত্ববাদী ও জনবহুল প্রবণতাগুলির সাথে মিলিত হয়। এই অংশে, ব্রাজিল, কলম্বিয়া, তুরস্ক এবং পোল্যান্ডের পণ্ডিতগণ ***ডানপন্থী জনপ্রিয়তাকে*** *ঐতিহাসিক ও রাজনৈতিক বিকাশের ব্যাখ্যা করেছেন।*

জিডি

SAGE প্রকাশনীর উদার অনুদানে গ্লোবাল ডায়ালগ প্রকাশ করা সম্ভব হয়েছে।

> চলতি সংখ্যায় থাকছে

সম্পাদকীয় ২

> সমাজবিজ্ঞান নিয়ে আলাপচারিতা

বৈশ্বিক সমাজবিজ্ঞান-নতুন নতুন বিকাশ ধারা
সারি হানাফি, লেবানন ৫

> শ্রেণী ও অসমতা নিয়ে গবেষণা

শ্রেণী নিয়ে বৈশ্বিক আলোচনা প্রয়োজন
প্রোজেক্ট ক্লাসেনাঅ্যানালাইস, জার্মানি ৮

ল্যাটিন আমেরিকায় শ্রেণী ও শ্রেণী স্বার্থ
পাবলো পেরেজ, চিলি ও রডলফো এলবার্ট, আর্জেন্টিনা ১০

দারিদ্র ও সামাজিক বর্জন উত্তর-সমাজতান্ত্রিক রাশিয়াতে
ভেটলানা ইয়ারোশেনকো, রাশিয়া ১২

লুম্পেনপ্রলেতারিয়েত এবং চীনে নগরের নিচু শ্রেণী
এনাগাই-লিং সাম, যুক্তরাজ্য ১৪

শ্রেণী কাঠামো নির্মান ও কৃষিভিত্তিক পুঁজিবাদ
তানিয়া মুরে লি, কানাডা ১৬

একসঙ্গে বসবাস (এবং প্রতিরোধ) ইউকে-তে ওয়েলফেয়ার সংস্কার
রুথ প্যাট্রিক, যুক্তরাজ্য ১৮

শ্রেণী ও বাস্তুসংস্থান
রিচার্ড ইয়র্ক ও ব্রেট ক্লার্ক, ইউএসএ ২০

> উন্নয়ন ধারার পর?

চোক-চেইন ইফেক্টঃ দ্রুত প্রবৃদ্ধিকে ছাপিয়ে পুঁজিবাদ
জেমস কে. গলব্র্যাথ, ইউএসএ, এবং ক্লাউস দোরে, জার্মানি ২৩

প্রবৃদ্ধিত্তোর শর্ত
এরিক পাইনল্ট, কানাডা ২৫

অনুৎপাদনমুখীতাঃ একটি সামাজিক-পরিবেশগত আমূল পরিবর্তনের আহ্বান
ফেডেরিকো ডিমারিয়া, স্পেন ২৭

নারীবাদ ও ক্রমাবনতি- মৈত্রী কিংবা প্রতিষ্ঠার সম্পর্ক?
অ্যানা সাভ-হার্নাক ও করিনা ডেংলার, জার্মানি এবং বারবারা মুরাসা, ইউএসএ ২৯

একটি অবনতি কৌশলের জন্য চ্যালেঞ্জঃ গ্রীসের ঘটনা-বিবরণ
গ্যাব্রিয়েল সাকেলারিদিস, গ্রীস ৩১

চিলি: নব্যউদারনীতিবাদ থেকে পরবর্তী উন্নত সমাজে?
জর্জ রোজাস হারনেন্ডাস, চিলি ৩৩

> তাত্ত্বিক দৃষ্টিভঙ্গি

পরিবেশভিত্তিক নারীবাদী সমাজবিজ্ঞান এক নতুন শ্রেণী ভিত্তিক বিশ্লেষণ
আরিয়েল সালেহ, অস্ট্রেলিয়া ৩৫

> ডান পন্থী জনগণতন্ত্রবাদের বৈশ্বিক উত্থান

ব্রাজিল ২০১৮ঃ মধ্যবিত্ত শ্রেণীর ডানপন্থী প্রত্যাবর্তন
লেনা লভিনাস ও গুইলহার্মে লেইতে গনকাল্ভস, ব্রাজিল ৩৮

জনগণতন্ত্রবাদ, পরিচয়, ও বাজার ব্যবস্থা
আয়েস বুগরা, তুরস্ক ৪০

ল্যাটিন আমেরিকায় ডানপন্থী জনগণতন্ত্রবাদঃ সামাজিক কল্যাণে ব্যক্তি স্বার্থ
রামিরো কার্লোস হাম্বার্ত সিগিয়ানো ব্লাস্কো, ব্রাজিল এবং নাতালিয়া তেরেসা বেরতি, কলোম্বিয়া ৪২

মৌলবাদী জাতীয়তাবাদ পোল্যান্ডে নতুন প্রতিরোধ সংস্কৃতি?
জাস্টিন কাজা, পোল্যান্ড ৪৪

> উন্মুক্ত শাখা

মেরি জাহোদা থেকে অনুপ্রেরণা গ্রহণ
জোহান বাচার, জুলিয়া হোফম্যান এবং জর্জ হাবম্যান, অষ্ট্রিয়া ৪৭

পর্তুগালে শ্রমিক সম্পর্ক এবং সামাজিক সংলাপ
এলিসিও এস্তানকুই এবং এন্তোনিও কাসিমিরো ফেরেইরা, পর্তুগাল ৪৯

গ্লোবাল ডায়ালগ-এর বাঙলি সম্পাদক দলের পরিচিতি ৫১

"সমাজবিজ্ঞানের কিছু ধারণা মানবাধিকারের মত সর্বজনীনতাকে দাবি করে, কিন্তু আমি কেবল সার্বজনীনতাকে যতটা সম্ভব একটি বৈষম্যমূলক সাংস্কৃতিক বলয়ের বাইরে ঐক্যমত্যের মাধ্যমেই দেখি, এবং ইউরো-আমেরিকান প্রসঙ্গ থেকে আসা মানগুলি সর্বজনীন মনে করি না।"

সারি হানাফি

> বৈশ্বিক সমাজবিজ্ঞানঃ নতুন নতুন বিকাশ ধারা

সারি হানাফি, আমেরিকান ইউনিভার্সিটি অফ বৈরুত, লেবানন, এবং আন্তর্জাতিক সমাজতাত্ত্বিক সংস্থা-এর সভাপতি (২০১৮-২০২২)

সারি হানাফি, আন্তর্জাতিক সমাজতাত্ত্বিক সংস্থা-এর সভাপতি।

আমি গত ২০১৮ জুনে কানাডার টরন্টোতে অনুষ্ঠিত আন্তর্জাতক সমাবিজ্ঞান এ্যাসোসিয়েশনের (আইএসএ) কর-গ্রেসে এই সংস্থার প্রেসিডেন্ট পদে নির্বাচিত হয়েছি। এই নিবন্ধে উক্ত পদের নির্বাচনেএকজন প্রার্থি হিসেবে আমি যে কর্মসূচির রুপরেখা তুলে ধরেছিলাম তা বর্ননা করার পাশাপশি তিন দফা বিশিষ্ট আমার এজেন্ডা নিয়ে কথা বলেছি- সমাজবিজ্ঞানের নানান ধারার মধ্যে পারস্পরিক ডায়লগ, কর্তৃত্ববাদ উত্তর এপ্রোচের অভিমুখে যাত্রা এবং সেকুলারাইজেশন তত্ত্বের সাম্প্রতিক সংকট।

> সমাজবিজ্ঞানের নানান ধারার মধ্যে পারস্পরিক ডায়লগ

এযাবৎ আইএসএ-র বিশ জন নির্বাচিত প্রেসিডেন্টের মধ্যে ইউরোপ আর উত্তর আমেরিকার বাইরে থেকে এসেছেন মাত্র দুইজন এবং আমাকে নিয়ে তিন। এই পদে আমি এসেছি আমার নিজস্বতা নিয়েঃ আমার ব্যক্তিগত ও পেশাগত ভাবে বেড়ে ওঠা, সিরিয়া ও ফ্রান্সে পড়াশোনা করা, মিশর, ফিলিস্তিন, ফ্রান্স আর লেবাননের নানান প্রতিষ্ঠানে কাজ করা। এর ফলে আমি এই সকল প্রেক্ষাপটে চলমান নানাবিধ বিতর্কের সাথে পরিচিত।

আমি বাইনারি ক্যাটাগরি যথা ঐতিহ্য/আধূনিকতা, পূর্ব/পশ্চিম, বৈশ্বিক/স্থানীয়, ইত্যাদির প্রতি সন্দিহান। এজন্য আমার প্রস্তাব হচ্ছে বিদ্যমান সমাজবিজ্ঞানের নানাবিধ ধারার মধ্যে সতত চলমান ডায়লগ। সমাজবিজ্ঞানের নানান ধারার মধ্যে পারস্পরিক ডায়লগ-এর ধারণাটা মূলতঃ আইএসএ কর্তৃক আয়োজিত জাতীয় সমাজবিজ্ঞান এসোসিয়েশনসমূহের ৪র্থ সম্মেলনের শিরোনাম। সেই সম্মেলনের প্রবন্ধসমূহ চিন চুন ই আর আমি যুগ্মভাবে সম্পাদনা করেছি যা সেইজ প্রকাশনী থেকে ছাপানো হচ্ছে। একটা খুব গুরুত্বপূর্ন বিষয় হল এই যে, সমাজবিজ্ঞানের কিছু কিছু প্রত্যয়কে সার্বজনীন বলে দাবী করা হয়, যথা মানবাধিকার। কিন্তু আমি মনে করি এই সার্বজনিনতা সম্ভব কেবলমাত্র আন্তঃসাংস্কৃতিক সম্মতির মধ্য দিয়ে, ইউরোপ-আমেরিকায় উদ্ভূত মূল্যবোধকে সারা বিশ্বে চাপিয়ে দেওয়ার মাধ্যমে নয়। উদাহরণ হিসেবে গণতন্ত্রের কথাই ধরা যাক। গণতন্ত্র কি সার্বজনীন? হ্যাঁ, এটা সার্বজনীন, কিন্তু রপ্তানীযোগ্য মডেল হিসেবে নয়। ফ্লোরেন গেনার্ড (২০১৬) যেমনটি বলেছেন, এটি একটা পরিপূর্ন প্রত্যয় হিসেবেও সার্বজনীন নয়; বরং ঐতিহাসিক অভিজ্ঞতা হিসেবে। এর সার্বজনিনতা এসেছে বিশ্বের নানান দেশে ছড়িয়ে পরার মধ্য দিয়ে, প্রথমে ল্যাটিন আমেরিকায়, এরপর মধ্য ও পূর্ব ইউরোপ এবং সবশেষে কিছু আরব দেশসমূহে। অর্থাৎ সার্বজনীন হচ্ছে গণতন্ত্রের মধ্য দিয়ে স্বাধিকার, ন্যায়বিচার ও আত্মসম্মানের আকাঙ্ক্ষা। এই সার্বজনীনতানানাবিধ সুশীলতার স্বীকৃতি দিয়ে থাকে যেমনি আর্মন্দ সালভাতোরে বর্ননা করেছেন ২০১৬ সালে।

যাইহোক, আমরা এই বিতর্ককে কেবলমাত্র ঐপনিবেশিক ব্যবস্থা ও পশ্চিমা জ্ঞানের আধিপত্য থেকে মুক্তি হিসেবে দেখতে চাই না। অতএব, জ্ঞানের জগতে এই বিতর্ক বুঝতে পোস্ট কলোনিয়াল দৃষ্টিভঙ্গি যথেষ্ট নয়। একই সাথে দরকার যাকে আমি বলি "পোষ্ট-অথরিটারিয়ান" দৃষ্টিভঙ্গি। অর্থাৎ শুধুমাত্র ঐপনিবেশিকতার প্রভাব নয়, সেইসাথে স্থানীয় কর্তৃত্ববাদেরও।

> কর্তৃত্ববাদ-উত্তর দৃষ্টিভঙ্গির দিকে

উপনিবেশবাদের ক্ষতগুলো অস্বীকার করার উপায় নেই। এগুলো এখনো বাস্তব। এগুলো কতককে পঙ্গু করেছে, অন্যদেরকে স্মরণ করিয়ে দিচ্ছে যেন ঐপথে আর পা না-মাড়ায়। উত্তর-উপনিবেশ বিদ্যা একই সাথে উপনিবেশবাদকে বোঝার ক্ষেত্রে সক্ষম হলেও এর অপব্যবহারও

>>

হয়তে পারে। কারণ, বহিস্থ নিয়ামকগুলোকে অতিরিক্ত আমলে নিতে গিয়ে এটি স্থানীয় নিয়ামকগুলোকে উপেক্ষাকরে। উত্তর-কর্তৃত্ববাদের সাথে উত্তর-উপনিবেশ বিদ্যার যৌক্তিক সম্পর্ক মানে হলো প্রথমতই দ্বিতীয়ই থেকে ক্ষমতার ধরণ সম্পর্কিত নানাবিধ অনুসিদ্ধান্ত গঠন করতে পারে। এর মানে কিন্তু এই নায়ে, আমরা ইতোমধ্যেই কর্তৃত্ববাদের সাথে বোঝাপড়া শেষ করে ফেলেছই এবং উত্তর-কর্তৃত্ববাদের যুগে প্রবেশ করেছি।

আমি যেভাবে দেখি, কর্তৃত্ববাদ বলতে শুধুমাত্র আমলাতন্ত্র ও পুলিশি শক্তি প্রয়োগের মাধ্যমে সমাজের উপর রাষ্ট্রের জবরদস্তিমূলক অগণতান্ত্রিক ব্যবস্থাকে বোঝায় না। বর্ণণার খাতিরে দেখলে সকলরাষ্ট্রই কিছুমাত্রায় কর্তৃত্বপরায়ন। সার্বভৌম স্বত্বা কার্ল স্মিথ যাকে বলেছেন "বিকল্প অবস্থা" চর্চা করে, সেটা রাষ্ট্রযন্ত্রে নয়। আমরা জানি যে, প্রত্যেক রাষ্ট্রের মধ্যে ব্যতিক্রম এবং কর্তৃত্বপরায়নতার প্রবণতা বিদ্যমান। মূলতঃ কর্তৃত্ববাদ হচ্ছে নিয়মতান্ত্রিক উপায়ে রাষ্ট্রের সিদ্ধান্ত গ্রহণ কার্যক্রম থেকে জনতার কাছে দায়বদ্ধতা ও জনতার অংশগ্রহণের সুযোগ নির্মূল করা এবংএর মাধ্যমে নির্বাহি ক্ষমতাকে আমলাতন্ত্রের মধ্যে কেন্দ্রীভূত করা, যেমনটি গ্রাহাম হ্যারিসন বর্ননা করেছেন ২০১৮ সালে।

কর্তৃত্ববাদ নানান মাত্রায় বিদ্যমানঃ কখনো এটি বিশেষ একত্ব রেজিমের সাথে সম্পর্কিত, কখনো আর্থ-রাজনৈতিক ব্যবস্থার সাথে সম্পর্কিত, আবার তৃতীয় একটা ধরণ দেখা যায় ব্যক্তি পর্যায়ে।

> নৃশংসতামূলক কর্তৃত্ববাদ

নর্বার এলিয়াস এর বিখ্যাত সভ্যকরণ প্রক্রিয়ার অন্যতম মূল কথা হল এই যে, সমাজ বিবর্তিত হয় ব্যক্তির সহিংসতাকে দমানোর মধ্য দিয়ে। কিন্তু বর্তমানে আমরা দেখছি এই সভ্যকরণ প্রক্রিয়ার ক্ষয়, যাকে জোসেফ লরচে ২০১৭ সালে অভিহিত করেছেন সহিংসতার পূরাবির্ভাব হিসেবে আর জর্জ মোস একে নির্দেশ করতে ১৯৯১ সালে প্রস্তাব করেছে "সহিংসায়ন"। যদি পুলিশ ও সশস্ত্র বাহিনীর মাধ্যমে কার্যকর এই প্রক্রিয়ার মধ্যে রাষ্ট্রীয় সংস্থাসমূহের প্রধান ভূমিকা থাকলেও পাশাপাশি আমরা রাষ্ট্র-বহির্ভূত পক্ষও দেখতে পাই। আমার মত যারা সিরিয়া ও নেবাননে-বসবাস করেছে, তাদের কাছে এমন একটা উদাহরণ হলো আইএসআই-এস ও অন্যান্য গোষ্ঠীভিত্তিক দলক যারা রাষ্ট্রের কাঠামোর বাইরে গিয়ে নিজ নিজ গোষ্ঠীর ঐক্যকে কার্যকর করে। কিন্তু এর পাশাপাশি আমাদেরকে বৈশ্বক/গ্লোবাল অ-রাস্ট্রীয় পক্ষসমূহ যেথা বহুজাতিক কর্পরেশন ও বিশ্ববাজার ব্যবস্থাকেও আমলে নিতে হবে যাদেরকে জেমস রোসানোউ ১৯৯০ উল্লেখ করেছেন "সার্বভৌম-নিরপেক্ষ পক্ষ" হিসেবে। তবে এইসব্য অ-রাস্ট্রীয় পক্ষ রাষ্ট্রের অনুমোদন ও সমর্থন ছাড়া খুব কমই তৎপর হয়তে পারে। আইএসআইএস এর উদ্ভব সম্ভব হতো না যদি সিরিয়ার ক্ষমতাসিন এলিট বা ইরাকের ব্যপকভাবে সাম্প্রদায়িক বিভাজিত শাসকপক্ষ সমস্ত রাজনৈতিক পরিসরকে কুক্ষিগত না করত। এইসব রাষ্ট্রীয় ও অ-রাস্ট্রীয় পক্ষ শুধুমাত্র সমাজে সহিংসায়নই করে না, বরং এরা সমগ্র বিশ্বেই সহিংসতার বিস্তার ঘটায়। যার সাক্ষী ও ভুক্তভোগী আজ আমরা সকলেই। আরো দুঃখের বিষয়, সিরিয়া, ইয়েমেন ও লিবিয়ায় আমরা দেখছি যুদ্ধের মধ্য দিয়ে সহিংসায়ন যা রাজনীতির ক্ষেত্রে সহিংসতাকে করেছে অপরিহার্য।

লারোস মতে, এই সহিংসায়ন শুরু হয় সামাজিক সম্পর্ক ও ঐক্যের ভাঙ্গন থেকে। এরপর দেখা যায় কতিপয় গোষ্ঠীকে আলাদা করা এবং বিচ্ছিন্নকরণ যেমন দরিদ্র, বাবিদেশীদেরকে জাতীয় সমাজ থেকে বহিস্কার করা। সবশেষে এইসব গোষ্ঠীর উপর নিত্যদিন বর্বরতা চালানো, যা ক্রমশঃ সমগ্র সমাজে স্বাভাবিক ঘটনায় পরিণত হয়।

> নব্য উদার কর্তৃত্ববাদ

আমরা জানি যে নব্য উদারতা ব্যাপক সামাজিক ও অর্থনৈতিক অবিচার ও দারিদ্র্য সৃষ্টি করেছে। তবে, পুঁজিবাদী শ্রেণী দুর্বল ও প্রভাবশালী নয় এমন সমাজগুলোতে পুঁজিবাদের রূপান্তর ঘটানোর জন্য রাষ্ট্রের কেন্দ্রীভূত ও জোরপূর্বক ক্ষমতার পদ্ধতিগত ও উদ্দেশ্যমূলক ব্যবস্থাটা সম্পূর্ণ নতুন। যদি ধ্রুপদি পুঁজিবাদী সমাজ প্রায়শই গণতান্ত্রিক রাজনৈতিক শাসনের মাধমে আধিপত্যের একটি ব্যবস্থা করে, তবে তা বহুধা বিচ্ছিন্ন সমাজের জন্য নয়, পশ্চিমাঞ্চলে যেখানে পুঁজিবাদী শ্রেণী বিস্তৃত হয়ে পড়েছে এবং আরো বেশি শক্তভাবে রয়েছে। রাষ্ট্রের অধীনস্ত সামাজিক শক্তির সম্পর্কগুলো কেবল শ্রেণী দ্বারাই আকৃতিবদ্ধ নয়, যেমনটা নিকোপলানজাস যুক্তি দিয়ে বলেছেন, কিন্তু আনিবালকুইজানোর ক্ষমতার ঔপনিবেশিকতা যা সময় ও স্থানভেদে পরিচালিত, এসবের প্রক্রিয়া গুলোর দ্বারা বর্ণবাদি ও লৈঙ্গিক শ্রেণীবদ্ধকে যুক্ত করে।

> কর্তৃত্ববাদী নাগরিক

রাষ্ট্রীয় প্রভাবক ও অ রাষ্ট্রীয় প্রভাবক কর্তৃক নিয়োজিত একটি রাজনৈতিক ব্যবস্থা হিসেবে কর্তৃত্ববাদী নাগরিকদের সাথে সম্পর্কেরর সাথে কর্তৃত্ববাদ বিদ্যমান। কর্তৃত্ববাদী নেতারা কল্পনাকে দৃঢ় করে তুলেছেন: তারা স্বাধীন ব্যাক্তিত্ব সম্পন্ন স্বায়ত্তশাসিত মানুষের পরিবর্তে এমন অধীনস্তকে খুজে যারা তাদের কথায় চলবে। একটি কর্তৃত্ববাদী নাগরিক হয়ে উঠার প্রক্রিয়া কেবল উপর থেকেই সমর্থিত হয়না বরং বাস্তব যুক্তি সম্পর্কিত সম্পর্ক তৈরি করা হয়।

মায়েভ কুকের মতে, কর্তৃত্ববাদীরর ব্যবহারিক যুক্তির দুটি সম্পর্কযুক্ত উপাদান রয়েছে। প্রথমত, জ্ঞানের কর্তৃত্ববাদী ধারণা আছে। এগুলি সুবিধাপ্রাপ্ত সমাজের কাছে জ্ঞানের সুযোগ সীমিত করে এবং ইতিহাস ও প্রসঙ্গের প্রভাব মুক্ত একটি দৃষ্টিভঙ্গির দাঁড় করায় যা সত্য ও সঠিকতার দাবির শর্তহীন বৈধতা নিশ্চিত করে। দ্বিতীয়ত, ন্যায়বিচারের কর্তৃত্ববাদী ধারণা রয়েছে যা মানব বিষয়ের যুক্তি থেকে অনুমিতি ও নিয়মগুলোর বৈধতাকে আলাদা করে যার জন্য তারা বৈধ বলে ঘোষণা হয়।

কিছু লোক, বিশেষ করে ধর্মীয়, বা কর্তৃত্ববাদীর ব্যবহারিক যুক্তির দুটি উপাদানের যেকোনো একটি শেয়ার করে এমন কারো জন্য জনসম্মুখে বিতর্ক করা কঠিন। যেহেতু নাগরিকের মতামত প্রতিটি ব্যাক্তির রাজনৈতিক স্বায়ত্তশাসন কে জোরদার করে, মায়েভ কুকের মতে, নাগরিকের নৈতিক স্বায়ত্তশাসন থাকতে হবে। এ স্বায়ত্তশাসনটি এ ধারনার ওপর নির্ভর করে যে মানুষের স্বাধীনতা মোটের ওপর তাদের নিজেদের কাজের সামর্থ্যের কারণের ভিত্তিতে তাদের ভালোর ধারণার গঠন ও অনুসরণেরর স্বাধীনতা দ্বারা গঠিত। আরব বিশ্বের বিপ্লব ও বিপ্লবেরর প্রতিক্রিয়াগুলোতে এবং গণতান্ত্রিক শক্তিকে চিহ্নিত করার বিতর্কে, ধর্মনিরপেক্ষতার আদর্শের ওপর যেমন জোর দেওয়া হয়, তা অভিজাতদের ব্যবহারিক যুক্তিতে দেওয়া হয়না বললেই চলে। ধর্মনিরপেক্ষ শক্তিগুলোকে কর্তৃত্ববাদী ব্যবহারিক যুক্তি থেকে পদ্ধতিগতভাবে অনতিক্রম্য হিসেবে দেখানো হয় যখন সংজ্ঞা দ্বারা রাজনৈতিক ইসলামিক আন্দোলন এ ধরনের যুক্তি নিয়ে কাজ করে। এটি অবশ্য সরল ও যাচাই করা প্রয়োজন, যেহেতু কর্তৃত্ববাদী নাগরিক উভয় অভিজাত গঠনেই পাওয়া যেতে পারে। এটি আমাকে যুক্তি দেখায় যে ধর্মনিরপেক্ষতার তত্ত্ব প্রকৃত সংকটের মধ্যে রয়েছে এবং নাগরিকদের সাথে ধর্মের সম্পর্কের রূপান্তরের জন্য এটা দায়ি হতে পারে না।

> ধর্মনিরপেক্ষতা তত্ত্ব মধ্যে সংকট

যেখানে ধর্মনিরপেক্ষতা এখনো গণতন্ত্র ও আধুনিকতার জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপায়, এই প্রক্রিয়াকে কিছু অতিরিক্ত ও সামাজিক ব্যাধি থেকে মুক্ত করার জন্য ধর্মনিরপেক্ষতার ভিত্তিতে সমস্যাযুক্ত হতে

>>

হবে। ধর্মের সমাজতত্ত্ব বিষয়ক (আরসি২২) আইএসএ-র গবেষক কমিটির সভাপতি জিম স্পিকার্ডের সাথে সম্প্রতি এক কথোপকথনে, সমাজবিজ্ঞান ঐতিহাসিকভাবে ধর্মনিরপেক্ষতার তত্ত্ব গ্রহণ করেছে, যা ডেভিড মার্টিন, ম্যানুয়েল ভাস্কেজ, দের মত সমাজবিজ্ঞানীরা এবং তিনি নিজেও বুদ্ধিভিত্তিক যুদ্ধে নেমেছেন যা প্রাথমিক সমাজতাত্ত্বিকগণ ফ্রান্সে ১৯ শতকের শেষের দিকে ও ২০ শতকের প্রথম দিকে প্রতিক্রিয়াশীল ধর্মের বিরোদ্ধে যুদ্ধ করেছিলেন।

পিটার বার্জারের মতে, এই তত্ত্বটি মিথ্যা প্রতিপন্ন হয়েছে যা আধুনিকতাকে ধর্মের পতন হিসেবে দেখছে, এবং একে বহুত্ববাদের ন্যনো তত্ত্ব দ্বারা প্রতিস্থাপন করা উচিত। বিবর্তনবাদ যা ধর্মকে "অতীত" ও সমাজতত্ত্বকে "ভবিষ্যত" রূপে মনে করে তা ধর্মনিরপেক্ষতার চিন্তা আমাদের আবদ্ধ করে ফেলছে। ফলে ১৯৮০-র দশকে ধর্মের গণঅভ্যুত্থান ও ১৯৯০ দশকের দিকে এর পুনর্জীবনকে "মৌলবাদী" ও "আধুনিকতার বিরোদ্ধে প্রতিক্রিয়া " হিসেবে চিহ্নিত করা হয়েছিল। উলরিখ পপ বাইয়ের মতে, এই প্রবর্তিত বিতর্কটি তিনটি আদর্শ রচনার মাধ্যমে তৈরি হয়েছে। প্রথমটি, বিশ্বব্যাপী বৈজ্ঞানিক প্রচারের কারণে ধর্মীয় সম্পৃক্ততা, চর্চা, এবং বিশ্বাসের বর্ণনা। দ্বিতীয়টি হল "অদৃশ্য ধর্ম", "নিরপেক্ষ ধর্ম", "আত্মবিশ্বাস ব্যাতীত বিশ্বাস", "ধর্মীয় ধর্ম", "ধর্মের বিচারব্যবস্থা" এবং সাম্প্রতিক বছরগুলোতে ক্রমবর্ধমান ভাবে বিশেষ করে "আধ্যাত্মিকতা" ব্যাক্তিস্বাতন্ত্রকরণ ও বিষয়বস্তুর সাথে সম্পর্কিত আরো সাধারণ ও সাংস্কৃতিক পরিবর্তনের প্রেক্ষিতে ধর্মের সামাজিক গঠনের পরিবর্তনকে নির্দেশ করে। তৃতীয় টি হল উত্থানের বর্ণনা, ধর্মীয় বহুবাচনতা ও ধর্মীয় সংগঠনের বাজারে ধর্মীয় প্রাণশক্তি যুক্ত করা; ইসলামের ক্ষেত্রে এই উত্থান আমূল সংস্কারবাদ এমনকি সন্ত্রাসবাদের সাথেও যুক্ত।

সমসাময়িক সমাজে ধর্ম ও ধর্মের বিভিন্ন রূপ সৃষ্টি করেছে এমন বিভিন্ন বুদ্ধিভিত্তিক ঐতিহ্য, জনপ্রিয় ধর্ম ও প্রাতিষ্ঠানিক বাহক বিশ্লেষণ করার জন্য কিছু ভৌগোলিক অঞ্চলকে ধর্মীয় বা ধর্মনিরপেক্ষ এলাকা হিসেবে লেবেলিং করে আমাদের অনেক কিছুর বাইরে যেতে হবে। সমাজতাত্ত্বিক বিতর্কে, গণতন্ত্র ও জনগনের কাছে ধর্মের অবস্থান আলোচনা করা গুরুত্বপূর্ণ। জন রউলস এর মতে নাগরিকদেরকে তাদের ধর্মীয় ব্যাক্তিদের স্বাধীনভাবে তাদের রাজনৈতিক সংযুক্তিতা প্রমাণ করার নৈতিক দায়িত্ব নিতে বলা যাবেনা। বহুবাচনতায়, হেবারমাস জনগণের মধ্যে ধর্মের স্থানকে স্বীকার করেছেন এবং যুক্তি দেখিয়েছেন যে, ধর্মীয় সম্প্রদায়গুলো রাজনৈতিক অঙ্গনে বিশেষ করে বৈজ্ঞানিক দক্ষতা ও ধর্মনিরপেক্ষ যুক্তির প্রাধান্য, ধর্মনিরপেক্ষ জ্ঞান, অন্যান্য ধর্মের দাবির প্রতি মনোভাব গড়ে তোলার জন্য ভ্রাতৃত্বমূলক আত্ম প্রতিফলনের সাথে যুক্ত থাকতে হবে। কিন্তু আসলেই "ধর্মনিরপেক্ষ" থেকে "ধর্মীয় কারণ" বিচ্ছিন্ন করা সম্ভব? ডারেন ওয়ালফ (২০১৩)-র মত বিশেষজ্ঞরা উল্লেখ করেন, "ধর্মীয় সম্প্রদায়ের ধর্মতত্ত্ব, রাজনীতি ও পরিচয় একে অপরের সাথে বাঁধা, যেহেতু ধর্মীয় নেতারা ও নাগরিকরা নতুন রাজনৈতিক প্রসঙ্গে তাদের নীতিমালা প্রয়োগ ও সংস্কার করে।"

যাইহোক, আইন, ধর্ম, রাজনীতি ও সমাজের সংগতির কিছু সমস্যাযুক্ত ফলাফল রয়েছে, যেমন সাম্প্রদায়িকতা। দ্বন্দ্ব পীড়িত অঞ্চলে, যেমন মধ্যপ্রাচ্যে, সাম্প্রদায়িকতা হল প্রধান দ্বান্দ্বিক বিষয়ের মধ্যে একটি, তবে স্থানীয় পরিচয় রূপায়নের একটি প্রক্রিয়াও বটে যা ২০১৭ সালে আজমি-বিশারা "কল্পিত সম্প্রদায় " বলে অভিহিত করেছেন। একই যুক্তি অনুসারে, ইসরায়েল সম্প্রতি একটি আইন পাশ করেছে যে, ইহুদিদের জাতীয় সংবদ্ধতার অধিকার রয়েছে, যেখানে ইজরায়েলের বিতরে ও ফিলিস্তিন সীমান্তে তার বর্ণবাদী রাজনীতি চলমান।

> উপসংহার

"অযৌক্তিক গণতন্ত্র"-র উত্থান, এবং নাগরিকের অধিকার ও স্বাধীনতা সম্পর্কিত কিছু প্রতিষ্ঠিত গণতন্ত্রের আক্রমনের সাথে আজ বিশ্বজুড়ে বহু লোকের ভয় ও অনুভূতিগুলো আয়ত্তে আনা উচিত। হানা আরডেট বহি: কারণগুলোর সমন্বয় (সাম্রাজ্যবাদ ও বহুজাতিক সাম্রাজ্যের সংকট) এবং অভন্তরীণ বিষয়গুলির (সংবিধান বিরোধী ও বর্ণবাদ) সমন্বয়ে স্রবসম্মতবাদের উৎস খুঁজে পেয়েছিলেন। একই শিরায়, আমি বিশ্বাস করি আইএসএ কে উপনিবেশবাদ ও কর্তৃত্ববাদেরর বিশ্লেষণকে একত্র করতে হবে। এ বহুবিধ আধুনিকতার যুগে ধর্ম ও বহুত্ববাদ জন্য একটি নতুন দৃষ্টান্তের আলোচনা করতে হবে। বর্তমানের বৈশ্বিক পরিস্থিতিটা চিহ্নিত করে ক্ষুদ্র ও বৃহৎ পরিমাপের মিশ্রণ বুঝার জন্য আরো উপযুক্ত কাঠামো তৈরি করেই এটি সম্ভব, এবং আলাতাস এবং সিনহা-এর ২০১৭ *"Sociological Theory beyond the Canon"* বইয়ের শিরোনামের মত। ■

সরাসরি যোগাযোগের জন্যঃ
সারি হানাফি <sh41@aub.edu.lb>

> শ্রেণী নিয়ে বৈশ্বিক আলোচনা প্রয়োজন

প্রোজেক্ট ক্লাসেনঅ্যানালাইস জেনা (পিকেজে), জেনা বিশ্ববিদ্যালয়, জার্মানি

> কেন শ্রেণিতত্ত্বের প্রয়োজন- পিকেজে সহচরের অনুসন্ধানে রয়েছে

পৃথিবীর সর্বত্রই আমরা তীব্রতর সামাজিক অসমতা ও ক্রমবর্ধমান সামাজিক বিক্ষোভের সম্মুখীন হচ্ছি, যেখানে বিশ্ব অর্থনীতি এখনও সংকটাপন্ন। এটি এমনকি পুঁজিবাদী দেশের ক্ষেত্রেও প্রযোজ্য। সরকারী পরিসংখ্যান অনুযায়ী, ২০১৭ সালে ১৯% জার্মান জনগণ দরিদ্রতা ও সামাজিক বর্জনের সম্মুখীন ছিল; আরেকটি গবেষণায় ক্রমবর্ধমান সামাজিক মেরুকরণের চিত্রও ফুটে উঠেছে। ইতোমধ্যে, পৃথিবীর বৃহৎ অংশই রাজনৈতিক অধিকার পরিবর্তনের অভিজ্ঞতা লাভ করেছে। এই ধরণের প্রবণতার আলোয় আমরা দেখতে পাই, "শ্রেণি" শব্দটি যেটি -অন্তত জার্মানিতে- সাম্প্রতিক দশকে জনগণের বিতর্কে প্রায় অনুপস্থিত ছিল, সেটি ধীরে ধীরে প্রাতিষ্ঠানিক ও রাজনৈতিক আলোচনায় ফিরে আসছে। "প্রোজেক্ট ক্লাসেনঅ্যানালাইস জেনা" (শ্রেণি বিশ্লেষণের প্রকল্প জেনা) সম্প্রতি ফ্রেডরিখ শিলার বিশ্ববিদ্যালয়, জেনা-তে শুরু হয়েছে। আমরা শ্রেণিতত্ত্ব পুনঃপ্রক্রিয়াকরণ করতে চাই, যা সাম্প্রতিক শ্রেণিতত্ত্বে অবদান রাখে এবং যেটি বর্তমানের শ্রেণি রাজনীতির আলোচনার জন্য একটি মানদণ্ড প্রদান করবে। এটিতে আমরা পুরো পৃথিবীর শিক্ষাবিদ ও কর্মীদের আলোচনার প্রবর্তন করব।

> কেন "শ্রেণি" সম্পর্কে কথা বলা?

শ্রেণি সম্পর্কে সমাজবিজ্ঞানের শক্তিশালী ধারণা হল, এটি অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক অসমতার মাঝে অভ্যন্তরীণ সংযোগ স্থাপনে বিশ্লেষণী দৃষ্টিকোণ রাখে। মার্ক্সীয় ধারাতে "শ্রেণি" সম্পর্কীয় সমালোচনামূলক ধারণা হল, এটি ক্ষমতা ও তার নিয়ন্ত্রণ কাঠামো প্রকাশ করে, যার মূলে আছে শ্রমের অর্থনৈতিক বিভাজন ও মালিকানা সংযোজন। মার্ক্সের কাছে শ্রেণি তাই একটি সম্বন্ধস্থাপনকারী বিভাজক: এখানে মজুরী উপার্জনকারী শ্রেণি পুঁজিবাদী শ্রেণির সাথে পরস্পরবিরোধী এবং দ্বন্দ্বমূলক সম্পর্কে অবস্থান করে। "মিলিউ" বা স্তরবিন্যাস পন্থা (উচ্চতর শ্রেণি, মধ্যবিত্ত শ্রেণি, শ্রমিক শ্রেণি ইত্যাদি) থেকে ভিন্নভাবে, "শ্রেণি" ধারণাটি মার্ক্সীয় ধারায় একটি কাঠামোগত সম্পর্ক তুলে ধরে, যেটি সামাজিক দলগুলোর অর্থনৈতিক অসমতা তুলে ধরা ছাড়াও জীবন ও জীবিকা ব্যবস্থার সাথে সম্পৃক্ততা স্থাপন করে। বিভিন্ন ধারণার মাঝে যেমন "শোষণ" (মার্ক্স), "সামাজিক অবসান" (ওয়েবার), "স্বাতন্ত্র্য" (বুর্দো) ও "আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ" (রাইট), "শ্রেণি" ধারনাটি প্রধানত অসমতার উল্লম্ব সম্পর্ক নির্দেশ করে এবং এটি যখন ক্ষমতা নির্দেশ করে, তখন তা সমভাবে একটি সামাজিক তত্ত্বের মতবাদ ও সেই সাথে রাজনৈতিক পরিভাষাও বুঝায়। এটি রাজনৈতিক কর্তৃত্ব ও প্রতিনিধিত্বকে, সেই সাথে শ্রেণি সম্পর্কের সাংস্কৃতিক ও বুদ্ধিগত প্রক্রিয়ার ধারাবাহিক বিশেষ ক্ষমতার প্রশ্নকে অন্তর্ভুক্ত করে।

নতুন হুমকি

নতুন হুমকি এবং গতিশীল ও বিপর্যস্ত সামাজিক পরিবর্তনের বিবেচনায়, নিম্নোক্ত গুরুত্বপূর্ণ বিষয় ও যুক্তি নির্দেশ করার জন্য একটি সমকালীন শ্রেণিতত্ত্ব প্রয়োজন:

শ্রেণি বিভাজন ও রাজনৈতিক প্রতিনিধিত্বের সংকট

দীর্ঘস্থায়ী নব্য-উদারতাবাদ পৃথিবীর মানুষের জীবন ব্যবস্থার উপর যে মতবাদ রেখে গেছে, তা শ্রেণি বিশ্লেষণে একটি বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে। কার্যাবস্থা ও উৎপাদন সম্পর্কের বিভাজন শ্রমজীবী শ্রেণিকে অধিকতর পৃথক করেছে এবং সমশ্রেণিবোধ নষ্ট করেছে। এই উন্নয়নের অনুষঙ্গী হয়েছে একদিকে ক্ষুদ্রকায় উচ্চতর শ্রেণির স্বপক্ষে বৃদ্ধি পাওয়া সম্পদের ঘনীকরণ এবং অন্যদিকে "বিপজ্জনক শ্রেণির উত্থান" ও মধ্যবিত্ত শ্রেণির মধ্যে বিভাজন। এটি একটি ফলপ্রসূ ভিত্তি, যেখান থেকে সামাজিক বিভাজনের মতাদর্শ ও ডানপন্থী জনপ্রিয়তা উদ্ভূত হয়। জনগণের ঐক্যবদ্ধ শ্রেণি দৃষ্টিকোণ ও প্রাত্যহিক রাজনৈতিক জীবন অন্তর্ধান "অচল শ্রেণি সমাজ" (ক্লাউস ডোরে) নির্দেশ করে, যেখানে শ্রেণি সম্পর্কিত গতিশীলতা সামাজিক আলোচনার পৃষ্ঠপোষকতায় কাজ চালিয়ে যায়, কেবল রাজনৈতিক আখ্যা পেয়ে। অর্থনৈতিক পুঁজিবাদ ও রাজনৈতিক প্রতিনিধিত্বের সংকট, বামপন্থী দলগুলো ও ব্যবসা সমিতিগুলোর দুর্বলতা ও আত্মরক্ষামূলক অবস্থান, সেই সাথে এই ধরণের দুর্বলতার সাথে সম্পৃক্ত সামষ্টিক সচেতনতার বিচ্ছেদের জন্য, রাজনৈতিক প্রবেশদ্বার হতে ডানপন্থায় পরিবর্তিত হয়। একই সময়ে, আমরা বামপন্থী যেমন ফ্রান্স, পর্তুগাল, স্পেন ও গ্রীস দেশগুলোর ক্ষমতা ও গঠনতন্ত্রে ঊর্ধ্বগামীতা লক্ষ্য করেছি। উত্তর বিশ্বের অনেক দেশেই এই আন্দোলন দেশান্তর গমনের বিষয়ে রূপান্তরিত হয়েছে। বাম রাজনৈতিক আলোচনা প্রায়শই "শ্রেণি" বনাম "ব্যক্তিগত পরিচয়" এর ভুল দ্বন্দ্বের দিকে সংকীর্ণ হয়ে যায়। এই অবস্থায় উত্থাপিত জরুরী প্রশ্নগুলোর মধ্যে রয়েছে:

- অর্থনৈতিক কাঠামো, রাজনৈতিক সচেতনতা ও সংস্কৃতির মধ্যে সংযোগগুলো কী কী?
- শ্রেণি ও সংঘর্ষের অন্যান্য উপাদানের (লিঙ্গ, স্থানান্তর প্রভৃতি) মধ্যে সম্পর্ক কী?
- আধিপত্যকারী শ্রেণির মধ্যে অবিভাজন ও স্বাতন্ত্র্য কী ধরণের ভূমিকা পালন করে? রাজনৈতিক সংগঠনে শ্রেণি স্বার্থের প্রতিনিধিত্ব না থাকলে, তখন শ্রেণি সম্পর্ক কিভাবে কার্যকর হবে?
- কোন শ্রেণির দলগুলো একক সমাজের মধ্যে, ও বিশ্বব্যাপী, প্রভাবশালী এবং কিভাবে তারা তাদের স্বার্থকে স্পষ্ট করে তোলে?

শ্রেণিভিত্তিক বৈষম্য ও বহুজাতিক শ্রেণি সম্পর্ক

ওইসিডি দেশসমূহ ক্রমবর্ধমান বেকারত্ব, দরিদ্রতা ও নিরাপত্তাহীনতা, আংশিকভাবে একদশক-দীর্ঘ মজুরী স্থগিতাবস্থা দ্বারা চিহ্নিত হয়েছে। সম্পদ ও আয়ের অসমতা নাটকীয়ভাবে শীর্ষে পৌছেছে। এই প্রবণতা একটি ধারণাকে ঘনীভূত করে যে, শ্রেণিভিত্তিক বৈষম্য উপরন্তু অর্থনৈতিক প্রবৃদ্ধিকে বাঁধাগ্রস্ত করে, এভাবে নব্য-উদারবাদে বিশ্বায়নের

>>

"আমরা একটি শ্রেণি তত্ত্বের মডেল তৈরির জন্য একটি বিশ্বব্যাপী বিনিময় চাই, যা একক সমাজের নির্দিষ্ট বৈশিষ্ট্যগুলিকে বিবেচনা করে এবং বিশ্বব্যাপী সাধারণ প্রবণতা প্রকাশ করে"

দেশগুলো নিজেরাই রাজনৈতিক স্থিতিবস্থার ক্ষেত্রে হুমকি জাহির করেছে। দক্ষিণ বিশ্বে শ্রেণি সংঘাত প্রায়শই বৈষম্যমূলক ও নিয়মবিরুদ্ধ অর্থনৈতিক সম্পর্ককে ভিত্তি করে গড়ে ওঠে, যেটি শহুরে ও গ্রামীণ উৎপাদনের রীতি (আংশিকভাবে সহ-বিদ্যমান) অন্তর্ভুক্ত করে। অধিকন্তু, অশিল্পায়ন প্রবণতা বর্তমান সময়ে উত্তর বিশ্বেও এসে পৌছেছে। তাই, আমাদের নিম্নোক্ত প্রশ্নগুলো অবশ্যই উঠাতে হবেঃ

- বিশ্বায়নের পটভূমি ও এর সংকটের প্রতিকূলে কিভাবে শ্রেণি বিভেদ গড়ে ওঠে? জাতি রাষ্ট্রগুলো কী ধরণের ভূমিকা পালন করে? আমরা কি বহুজাতিক শ্রেণি বা এমন কোন কিছুকে নির্দেশ করতে পারি?
- কোন ধরণের সংগ্রামকে আসলে "শ্রেণি সংগ্রাম" বলা যাবে ও কোনটিকে নয়? এই ধরণের সংগ্রামের মধ্যে বৈশ্বিক মিল বা সংযোগ আছে কি?
- অনানুষ্ঠানিক অর্থনৈতিক সম্পর্কে, আমরা কিভাবে দক্ষিণ বিশ্বের শ্রেণি ও শ্রেণি সংগ্রামকে ব্যাখ্যা করতে পারি?

পরিবেশগত সংকট

বৈশ্বিক পরিবেশগত সংকটের কারণ ও নিয়ন্ত্রণের পদক্ষেপ ঘনিষ্ঠভাবে শ্রেণি সম্পর্ক ও পুঁজি সঞ্চয়ের সাথে জড়িত। অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উৎপাদনক্ষমতা অর্জনের অগ্রসারতা পরিবেশগত ও জৈবপদার্থিক সীমানা সম্পর্কে উদাসীন। প্রাকৃতিক সম্পদ অর্জন এবং পরিবেশগত ঝুঁকি ও সমস্যা বিতরণ শ্রেণিবিশেষে প্রতিযোগিতা করে। বিশ্বব্যাপী দরিদ্র জনগণ- বিশেষ করে দক্ষিণ বিশ্ব- পরিবেশগত সংঘাতের ভার বহন করে। এই সামাজিক-পরিবেশগত দ্বন্দ্ব ভবিষ্যতে আরও বৃদ্ধি পাবে। একটি সমসাময়িক শ্রেণিতত্ত্ব পদ্ধতিগতভাবে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত করে:

- শ্রেণি সংগ্রামে পরিবেশ বিকৃতির প্রভাব কী?
- কিভাবে পরিবেশগত বিপর্যয়ের ভার বিভিন্ন শ্রেণিকে প্রভাবিত করে?
- কোন শ্রেণি (প্রতিক্রিয়া) সামাজিক-পরিবেশগত রূপান্তর হিসেবে ধরা যেতে পারে?
- কী ধরণের শ্রেণি স্বার্থ এই পরিবর্তনকে ব্যাহত করে?

> বিনিময়ের আহ্বান

স্পষ্টতই, আরও অনেক প্রশ্ন উত্থাপিত হবে, কেননা উপরোল্লিখিত বিষয়গুলো সব দেশের ক্ষেত্রে প্রযোজ্য নাও হতে পারে। সেগুলো সেই সব প্রবণতার কথা বলে যেগুলো আজ বিশ্বের পুঁজিবাদ গঠন করে চলেছে। তাই, আমরা একটি বৈশ্বিক বিনিময়ের আহ্বান করি- একটি গ্লোবাল ডায়লগ- এই বিষয়ের ওপরে একটি শ্রেণিতত্ত্ব গঠনের জন্য, যা একক সমাজের নির্দিষ্ট বৈশিষ্ট্যকে অন্তর্ভুক্ত করবে, আবার বৈশ্বিক প্রবণতার সাধারণ বৈশিষ্ট্যগুলোও ধারণ করবে। আমরা যেকোন ধরনের প্রশ্ন, সহযোগিতা ও বিনিময়ের জন্য স্বানন্দে উন্মুখ। ■

সরাসরি যোগাযোগের জন্যঃ
<projekt.klassenanalyse@uni-jena.de>

> ল্যাটিন আমেরিকায় শ্রেণী ও শ্রেণী স্বার্থ

পাবলো পেরেজ, সামাজিক দ্বন্দ ও সংহতি গবেষণা কেন্দ্র, আলবার্ট হুর্তাদ বিশ্ববিদ্যালয়, চিলি এবং **রডলফো এলবার্ট**, গিনো জার্মানি গবেষণা কেন্দ্র, বুয়েন্স আয়ার্স বিশ্ববিদ্যালয়, আর্জেন্টিনা এবং আইএসএ-এর শ্রমিক আন্দোলন (আরসি ৪৪) শীর্ষক গবেষণা পর্ষদের সদস্য

২০১৮ সালের চিলির সান্টিয়াগোতে মে দিবস বিক্ষোভ। ছবিঃ পাবলো পেরেজ।

সাম্প্রতিক দশকগুলোতে ল্যাটিন আমেরিকান পণ্ডিতরা বহুবার শ্রেণীর ধারণাকে বিলুপ্ত করার চেষ্টা করেছেন। ১৯৮০ এর দশক থেকে, কিছু পার্থক্য সত্ত্বেও, পণ্ডিতরা মনে করেন যে নব্য-উদারনৈতিক নীতিগুলি শ্রমিক শ্রেণীকে এতই দুর্বল করেছে যে এটি ল্যাটিন আমেরিকান সমাজগুলিতে সামাজিক ও রাজনৈতিক দ্বন্দ্বের গতিবিধিকে প্রভাবিত করে না। যাহোক, গত দশকে শ্রমিকরা শ্রমিকশ্রেণির বিদায়ের জন্য এই লক্ষণগুলি উপেক্ষা করেছে। কাজের সাথে সম্পর্কিত বিষয়গুলি সংগঠিতকরণ, সংঘের ক্রিয়াকলাপকে পুনরুজ্জীবিত করা এবং অন্যান্য জনপ্রিয় আন্দোলনের সাথে জোট করে একটি ন্যায্য আয় বণ্টনের দাবিতে, নির্দিষ্ট কিছু দেশে ল্যাটিন আমেরিকার শ্রমিকরা জোরালোভাবে দাবি করেছিল যে শ্রেণীর ধারণা এই অঞ্চলে দ্বন্দ্ব ও রাজনীতি ব্যাখ্যা করার একটি নিয়ামক।

>>

অবশ্যই, ২০০০-এর গোড়ার দিকে সমাজের আর্থ-সামাজিকক বৈষম্যের পরিমাণগত বিশ্লেষণ (যেমন শ্রেণী গতিশীলতা অধ্যয়ন) এবং শ্রমিকদের যৌথ কর্মের গুণগত সমীক্ষার মাধ্যমে শ্রেণির ধারণাটি সমাজতাত্ত্বিক বিষয়সূচিতে পুনঃপ্রবর্তিত করা হয়েছে। আমাদের কাজটি বস্তুনিষ্ঠ উপায়ে শ্রেণীর উপর দৃষ্টি নিবদ্ধের এই বৃহত্তর কর্মসূচির অংশ, যা ব্যাক্তিগত ফলাফল, বিশেষ করে বিরোধী পক্ষের স্বীকৃতি এবং স্বার্থকে আকার দেয়। ইন্টারন্যাশনাল সোশ্যাল সার্ভে প্রোগ্রামের ডেটাসেটের উপর ভিত্তি করে আমাদের সাম্প্রতিক গবেষণায় দেখা গেছে যে আর্জেন্টিনা ও চিলিতে ১০ জন ব্যক্তির মধ্যে ৯ জন একটি সামাজিক শ্রেণী মধ্যে আত্মপরিচয় প্রকাশ করে। একটি পুরানো ধারণার জন্য এতকিছু! উভয় দেশে, একটি শ্রম-শ্রেণীতে অবস্থানকারী ব্যক্তিরা বিশেষাধিকারী শ্রেণীতে অবস্থানকারীদের চেয়ে নিজেদেরকে শ্রমিক হিসাবে বেশি উপস্থাপনপ্রবণ। আমরা দেখেছি যে চিলিতে আর্জেন্টিনার চেয়ে শ্রমিকশ্রেণী চিহ্নিতকরণের সামগ্রিক হার বেশি। চিলির উচ্চ বৈষম্য ও অর্থনৈতিক কেন্দ্রচিন্তা এবং আর্জেন্টিনার রাষ্ট্রীয় কর্পোরেশীয় শ্রম সংযোজনের তুলনায় আমরা এই দেশে "মৌলবাদী" দল-সংঘ গঠনের ইতিহাসের দ্বারা আমরা এই ফলাফল ব্যাখ্যা করি।

আমরা মনে করি যে এই ধরনের গবেষণা এমন অঞ্চলের সামাজিক ও রাজনৈতিক দ্বন্দ্ব বোঝার ক্ষেত্রে অবদান রাখতে পারে যা পৃথিবীর সবচেয়ে অসাম্যের মধ্যে রয়েছে। শ্রেণী কেবল সামাজিক কাঠামো ও ল্যাটিন আমেরিকানদের পরিচয়েই বিদ্যমান নয়, এটি জনসাধারণের সমাজরাজনৈতিক স্বার্থগুলি রূপায়ন হিসেবে পর্যবেকক্ষণ করা যেতে পারে। বিভিন্ন সামাজিক শ্রেণির ব্যক্তিরা শ্রেণীগত ভিত্তিতে (সম্ভবত বেশকয়েকজন পণ্ডিত একমত) বিশ্বকে ভাবতে পারে এবং প্রায়ই অনলাইনে অংশগ্রহণ ও ভোট দেওয়া থেকে শুরু করে তাদের শ্রেণী স্বার্থ রক্ষার জন্য রাজনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে। এর উপর ভিত্তি করে, আমাদের নতুন প্রকল্প শ্রেণী গঠন, যৌথ কর্ম, এবং শ্রেণী স্বার্থের মধ্যে সম্পর্কের উপর দৃষ্টি নিবদ্ধ করে। আমরা এরিক ওলিন রাইটের কাজ অনুসরণ করি, যিনি শ্রেণী চেতনাকে চেতনার সেই দিক হিসাবে সংজ্ঞায়িত করেন যার একটি শ্রেণী সামগ্রী এবং শ্রেণী-প্রাসঙ্গিক প্রভাব রয়েছে। তিনি যুক্তি দেন যে, একটি ক্ষুদ্রস্তরের আলোচনায়, শ্রেণী স্বার্থের ব্যাক্তিগত উপলব্ধি শ্রেণী চেতনার মূল দিকগুলির মধ্যে একটি। রাইটের মার্কসবাদী-অনুপ্রাণিত কাঠামো আঁকড়ে ধরে আমরা বিভিন্ন শ্রেণীর মানুষের পুঁজিবাদী প্রতিষ্ঠান এবং সামাজিক শ্রেণীর মূল্যায়ন করে এমন উপায়গুলির দিকে নজর দিয়ে শ্রেণীগত স্বার্থ পরীক্ষা করি।

সাম্প্রতিক লেখাগুলো দেখা যায় যে, শ্রমিক শ্রেণীর লোকজনের পুঁজিবাদ ও বৈষম্যের বিরুদ্ধে সমালোচনামূলক দৃষ্টিভঙ্গি থাকার, শ্রেণী-ভেদের বিষয়ে বিরোধপূর্ণ মনোভাব থাকার এবং নিয়োগকর্তা বা পরিচালকদের চেয়ে পুনঃপ্রতিষ্ঠার নীতিগুলি সমর্থন করার সম্ভাবনা বেশি। আমাদের প্রাথমিক ফলাফলগুলি এই লেখার সাথে সামঞ্জস্যপূর্ণ: দেশ-বিভাগগুলি একপাশে, একটি শ্রমিক-শ্রেণীর বা অনানুষ্ঠানিক স্ব-নিযুক্ত শ্রেণিতে অবস্থানরত ল্যাটিন আমেরিকানদের চেয়ে বিশেষাধিকারপ্রাপ্ত উত্তরদাতাদের (যেমন বিশেষজ্ঞ ব্যাবস্থাপক) তুলনায় নব্যউদারনৈতিক প্রতিষ্ঠান, ধারনা, বা ফলাফলগুলির (যেমন, আয়ের বৈষম্য বা সরকারী হস্তক্ষেপের অভাবের বিষয়ে সমালোচনা করার সম্ভাবনা বেশি) ব্যাপারে অধিক সমালোচনামূলক অবস্থান রয়েছে।

আমাদের বর্তমান কাজটি কীভাবে সমষ্টিগত পদক্ষেপ এমন একটি প্রক্রিয়া যা শ্রেণীঅবস্থান দ্বারা আকৃত বস্তুগত স্বার্থগুলি বোঝার জন্য জোরদার করতে পারে এই গবেষণার মাধ্যমে এই ফলাফলগুলি প্রসারিত করতে চায়। সুতরাং, আমরা শ্রেণী, যৌথ কর্ম, এবং শ্রেণীচেতনার মধ্যে সম্পর্কেরর এই স্বল্প পরীক্ষিত দিক বিশ্লেষণে অবদান রাখার প্রতি লক্ষ রাখি। আমরা ধারণা করি যে জনপ্রিয় বিপ্লবের সাম্প্রতিক অভিজ্ঞতাসমপন্ন দেশগুলিতে (এমন দেশ যেখানে শ্রমিকশ্রেণি এবং জনপ্রিয় সেক্টরগুলি বামের উত্থানের সমর্থনে একিভূত) এবং স্বার্থের উপর শ্রেণী অবস্থান ও যৌথ কর্মকাণ্ডের প্রভাব, নিম্ন পর্যায়ের অপরাজনীতি যেখানে শ্রমিক শ্রেণী ক্রমাগত রাজনৈতিক কর্মকান্ড থেকে বিচ্ছিন্ন হয়ে যায় এমন দেশের চেয়ে শক্তিশালী।

আমরা বিশ্বাস করি যে এই অনুসন্ধানটি উন্নত করা গুরুত্বপূর্ণ এই কারণে নয় যে শ্রেণী হচ্ছে রাজনৈতিক সক্রিয়তার একমাত্র উৎস, বরং এই কারণে যে, আমরা মনে করি যে লাতিন আমেরিকায় রাজনৈতিক প্রকল্পগুলির মুক্তির সম্ভাবনা শ্রমিক শ্রেণীর রাজনৈতিক অংশগ্রহণের দ্বারা নির্ধারিত হয়। এই ধরনের সক্রিয়তা নিশ্চয়ই অত্যাচারের (এবং তাদের ছত্রভঙ্গ) মূলের বিরুদ্ধে আন্দোলন, যেমন বৃহত্তর নারী প্রতিবাদ এবং নারীদের মারধরের বিরুদ্ধে এবং আর্জেন্টিনা ও চিলিতে গর্ভপাতের বৈধীকরণের জন্য অবশ্যই চালাতে হবে; বা সাম্প্রতিক #ব্রাজিলের এলনোমোভমেন্ট যেখানে নারী ও জাতিগতভাবে নিপীড়িত গোষ্ঠীগুলি চরম অধিকারের বিকাশের বিরুদ্ধে সংগ্রামের পথে পরিচালিত হয়েছিল। ঐতিহাসিক প্রেক্ষাপটে যেখানে ক্ষমতায় ফিরে আসার অধিকার রয়েছে, শুধু একটি ক্ষমতায়িত শ্রমিকশ্রেণী, যা তার শ্রেণী স্বার্থ বজায় রাখে,অন্যান্য নিপীড়িত গোষ্ঠীগুলির সাথে জোট বেঁধে নয়া-ফ্যাসিবাদ বন্ধ করতে বামপন্থী আন্দোলন গড়ে তুলতে সক্ষম হবে। ■

সরাসরি যোগাযোগের জন্যঃ
পাবলো পেরেজ <pperez@uahurtado.cl>
রডলফো এলবার্ট <elbert.rodolfo@gmail.com>

> দারিদ্র্য ও সামাজিক বর্জন উত্তর-সমাজতান্ত্রিক রাশিয়াতে

ভেটলানা ইয়ারোশেনকো, সেন্ট পিটার্সবার্গ স্টেট ইউনিভার্সিটি, রাশিয়া

বাড়িতেই কাজ।
ছবিঃ সলমাজ গুসেনোভা।

আমি ১৯৯০ এর দশকের শুরুতে রাশিয়াতে যখন মুক্ত বাজার সংস্কার বাস্তবায়িত হয়েছে, ঐ সময়ের দারিদ্র্য নিয়ে গবেষণা শুরু করেছি। সোভিয়েত সংগঠিত ব্যবস্থা থেকে পুঁজিবাদী ব্যবস্থায় রূপান্তরের সময় দারিদ্র্যকে ভিত্তিগত সামাজিক রূপান্তরের ব্যয় বলে মনে করা হত। এটি মেনে নেওয়া হয়েছিল যে বাজারের প্রবর্তন অর্থনৈতিক প্রবৃদ্ধি, দারিদ্র্য হ্রাস করবে, এবং মানুষের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন করতে এবং রাষ্ট্রীয় বল-য়মুক্ত করার শর্ত তৈরি করবে।

আশাবাদী পূর্বাভাসের বিপরীতে, এবং ২০০০-এর দশকে অর্থনৈতিক স্থিতিশীলতা সত্ত্বেও রাশিয়ার দারিদ্র্য অব্যাহত ছিল। বিভিন্ন অনুমান অনুযায়ী রাশিয়ার জনসংখ্যার ১১% থেকে ২৫% মানুষকে দরিদ্র হিসাবে চিহ্নিত করা যেতে পারে। ২০১৭ সালে নিম্ন সরকারি দারিদ্র্য হার, প্রায় ১৩% যা দারিদ্র্য নিরূপণ এবং জীবনযাত্রার ন্যূনতম খরচ হিসেব করার জন্য ব্যবহৃত স্টিং পদ্ধতির ফলাফল, যখন অনানুষ্ঠানিক এবং নিম্ন বেতনভোগী কর্মসংস্থান বাড়িয়ে নিম্ন বেকারত্বের হার অর্জন করা হয়েছে। অভ্যন্তরীণ অভিবাসন, সাবেক সোভিয়েত প্রজাতন্ত্র থেকে শ্রমিকদের অভিবাসন, এবং অ-মহানাগরীয় অঞ্চলের দারিদ্র্যের মাধ্যমে রাশিয়ার প্রধান শহরগুলির দ্রুত বর্ধিত বিস্তার সম্পন্ন হয়েছে। তবুও সরকারি বিশেষজ্ঞরা স্বীকার করেন যে কেবল ৪০% রাশিয়ান বাজার অর্থনীতির সুবিধাগুলি উপভোগ করতে পারে। এই একই শতাংশ রাশি-য়ানদের গত বিশ বছরে আয় বেড়েছে, যেখানে অন্য ৬০% দের আয় একইরকম রয়েছে বা কমেছে। চাকরিজীবী লোকজন এবং ছেলেমেয়ে থাকা পরিবারের সঙ্গে দারিদ্র্য চলমান থেকেছে। রাশিয়ার গিনি সহকারী সামাজিক বৈষম্যের বৃদ্ধি দেখিয়েছেন, যা ১৯৯১ সালে ০.২৬ থেকে বেড়ে ২০১১ সালে ০.৪২১ তে উন্নীত হয়েছিল।

আমি এবং কোমি বিজ্ঞান কেন্দ্রের আমার সহকর্মীরা ২০০০ এর দশকে রাশিয়ার উত্তর অঞ্চলে নিবন্ধিত দরিদ্র জনগোষ্ঠী এবং শহুরে অধিবাসীদের জরিপের একটি অনুদৈর্ঘ্য গুণগত গবেষণা পরিচালনা করেছি। আমরা পেয়েছি যে, সামাজিক বিচ্ছিন্নতা বেড়ে চলছিল। বাজার অর্থনীতিতে শ্রেণী, লিঙ্গ এবং প্রতিরক্ষামূলক প্রতিক্রিয়াগুলি দারিদ্র্যের শক্তাবস্থান এবং এর নির্দিষ্ট বৈশিষ্ট্যগুলিতে অবদান রেখেছে। সামাজিক বিচ্ছিন্নতা প্রাতিষ্ঠানিকীকরণ হয়ে গেছে।

নিম্ন বেতন সম্পন্ন চাকরির বাজার বিস্তৃত হয়েছে। ১৯৯০ এর দশকে চাকরির বাজারের প্রথম পুনর্গঠন, ভারী শিল্পের অবনতি ও খুচরা বাণিজ্য ও সেবা খাতের সম্প্রসারণ ঘটায়। এই নতুন কাজে সাধারণত স্বল্প বেতন দেওয়া হয় এবং ন্যূনতম সুবিধা প্রদান করা হত। তারপরে ২০০০-এর দশকে, গণখাত অপ্টিমাইজ করা হয়েছিল এবং শিক্ষা ও চিকিৎসা সেবার মত অ-বাজারজাত পরিষেবার সহ সামাজিক পরিষেবা-গুলিতে সুযোগ দেওয়া হল। যেহেতু শিল্পায়নের ভাঙ্গন এবং পরবর্তীতে বাজারভিত্তিক সেবা অর্থনীতি দ্রুত গতিতে এগোয়, কোন ক্ষেত্রটি বাজার সংস্কার কোন নীল-কলকার শ্রমিক বা সরকারী খাতের শ্রমিকরা সবচেয়ে অভাবী ছিল তার ওপর আলোচনা শুরু হয়। আমরা দেখেছি যে নীল-কলকার শ্রমিকরা বাজার সংস্কারগুলির নেতিবাচক প্রভাবগুলির প্রথম শিকার নয় বরং অত্যন্ত দরিদ্র মানুষের মধ্যে বৃহত্তম অংশেও এ প্রভাব রয়েছে। থেকে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হয়েছিল এবং সেই অনুযায়ী, তাছাড়া, সামাজিকভাবে বিচ্ছিন্ন অধিকাংশ রাশিয়ানরা- অর্থাৎ, দীর্ঘ সময় চরম দারিদ্র্যে বসবাসকারী মানুষ শ্রম বাজারের প্রান্তিক পর্যায়ে নিয়োজিত ছিল। বাজারেরও লৈঙ্গিক প্রভাব রয়েছে: আমরা দেখেছি যে দারিদ্র্যে শুধুমাত্র চরম নারীকরণই ছিল না, পুরুষরাও ব্যাপকভাবে ভ্রষ্ট-তার শিকার হচ্ছিল। আমাদের ক্ষেত্রে অর্ধেকের মধ্যে, জনসাধারণের আয় এতই কম ছিল যে নিজেদেরকে ছাড়া তারা কাউকে সহযোগিতা করতে পারত না।

২০০০-এর দশকের গোড়ার দিকে, একজন ব্যক্তির সামাজিক শ্রেণি অবস্থান যত নিচে, দারিদ্র্যে পতিত হবার সম্ভাবনা তাদের তত বেশি দশ বছর পর, লিঙ্গ পরিচয় আর সামাজিক শ্রেণীর উপর নির্ভর করতো না: বিভিন্ন সামাজিক শ্রেণি থেকে আগত একক মায়েরা অধিক অর্থনৈতিক

>>

ক্লিষ্টতার শিকার হওয়ার প্রবণতা ছিল। অন্য কথায়, বিদ্যমান প্রকৃত সমাজতন্ত্র ব্যবস্থায় মজুরি কর্মীদের দ্বারা উপভোগকৃত সামাজিক সুবিধাগুলি হ্রাসের ফলে উদীয়মান বাজার অর্থনীতির ক্রমবর্ধমান সুযোগগুলি বন্ধ হয়ে যায়নি। কাঠামোগত সীমাবদ্ধতার চাপ বৃদ্ধি পেয়েছে: শ্রেণী ও লিঙ্গ সমান্তরালভাবে পরিচালিত হয়েছে।

যখন বাজার সম্পর্কগুলি কর্মসংস্থান বৃদ্ধি করেছে (উতপাদন এবং প্রজনন), সামাজিক নীতি দ্রুত পরিবর্তিত হয়েছে। মুক্ত বাজারে বিশ্বাস, প্রকৃতপক্ষে বিদ্যমান সমাজতন্ত্রের অস্পষ্ট সমালোচনার এবং সোভিয়েত পিতৃত্ববাদের ("অকার্যকর" এবং "সার্বজনীনতাপূর্ণ" সোভিয়েত ব্যবস্থা যা রাষ্ট্রের উপর নির্ভরশীলতার সংস্কৃতিকে রূপ দিয়েছিল) থেকে মুক্তির প্রয়োজন সম্পর্কে ব্যাপক বিবৃতির মধ্যে, সেখানে একটি মৌলিক পর্যায়ের কল্যাণ বজায় রাখার জন্য রাষ্ট্রীয় বাধ্যবাধকতা মধ্যে একটি প্রকৃত লঘুকরণ ছিল। ১৯৯১ সাল থেকে রাশিয়ায় বসবাসের ন্যূনতম খরচ হিসেব করার পদ্ধতি তিনবার সংশোধন করা হয়েছে এবং আরো কঠোর হয়ে উঠেছে এবং ন্যূনতম মজুরি আর্থিক নিরাপত্তার[১] জন্য প্রকৃত মজুরি সাথে সম্পর্কযুক্ত হয়ে গেছে।

এদিকে, ন্যূনতম মজুরি, পেনশন, এবং শিশুর জীবনযাত্রার ন্যূনতম মূল্যের সুবিধাগুলোর সাথে সম্পর্কযুক্ত প্রমাণ হিসাবে, সাধারণ পণ্যগুলিতে সুযোগ দেওয়ার শ্রম-ভিত্তিক নীতি একটি মূল সামাজিক নীতিমালা হিসাবে বিবেচিত হয়েছে[২]। যাইহোক, কর্মক্ষেত্র আর লভ্যাংশ বরাদ্দের উপকেন্দ্র নেই; এটা পরিবারের দ্বারা প্রতিস্থাপিত হয়েছে। শিশু প্রতিপালন সুবিধা, গৃহায়ণ ভর্তুকি, এবং লক্ষ্যযুক্ত সামাজিক সহায়তা এখন পারিবারিক আয়ের মূল্যায়ন দ্বারা নির্ধারিত হয়। সামাজিক নীতিটি সুবিধাভোগীর আয় এবং নির্দিষ্ট প্রয়োজনীয়তা পূরণের ইচ্ছার সাথে সঙ্গতি রেখে নির্বাচনীভাবে বাস্তবায়িত হয়।

ফলে, দারিদ্র্যকে কলঙ্কিত করা হয়েছে: এটি সোভিয়েত আমলে যেমন একটি স্থায়ী, সার্বিক সমস্যা ছিল, তেমনি জীবন এবং একটি অস্থায়ী ঘটনা হিসাবেও চলে গেছে। তদুপরি, সামাজিক সহায়তার ব্যবস্থা এমনভাবে পরিচালিত হয়েছে যে সবচেয়ে অভাবীরা উপেক্ষিত হয়। নিবন্ধিত দরিদ্রদের মধ্যে এক তৃতীয়াংশ চরম দারিদ্র্য, দুই তৃতীয়াংশ কর্মে নিযুক্ত, এবং দুই তৃতীয়াংশ নারীর নেতৃত্বাধীন পরিবার। সুতরাং, সামাজিক সমর্থনের লক্ষ্য স্বল্প বেতনের ক্ষতিপূরণ করে। এটি আর বেকারত্ব ও দরিদ্রতার ঝুঁকিগুলির বিরুদ্ধে একটি বীমা নয়।

সকল সম্পদ নিষ্পত্তি এবং দারিদ্র্য ও সামাজিক বিচ্ছিন্নতা দূর করার প্রচেষ্টা বেগবান করতে ব্যক্তিগত দায়িত্বের একটি আদর্শের অত্যন্ত দরিদ্র জনগোষ্ঠীর প্রয়োজন হয়েছে। পুনর্গঠিত কর্মসংস্থান ব্যবস্থার প্রভাব, পূর্বনির্ধারিত সমাজতন্ত্র প্রচার পদ্ধতির পতন, এবং প্রাক-সমাজতান্ত্রিক দেশে সবচেয়ে উদার বাজার প্রকল্প বাস্তবায়নের ভারসাম্য রাখতে তারা পূর্বসঞ্চিত সম্পদ ব্যবহার করে। চাকরি খুঁজে পেতে এবং দ্বিতীয় ও পার্ট টাইম চাকরি নিতে কর্মীদের স্থানান্তর করতে বাধ্য করা হয়েছে। চাকরির ক্ষেত্রে নারীরা লিঙ্গ বিষয়ে, বেসরকারি সামাজিক সেবা প্রসঙ্গে প্রাথমিক সেবক হিসেবে বা কর্মী হিসেবে প্রায়শই সংগ্রাম করে। পেনশনগুলি স্বল্প মজুরির পরিপূরক হিসাবে ব্যবহার করা হয়: আমাদের নিযুক্ত উত্তরদাতাদের এক তৃতীয়াংশ পেনশন ভোগকারি ছিল।

বর্তমানে আমরা ঘূর্ণি বিস্তৃত দেখতে পাচ্ছি, যেহেতু চিকিতসক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক দের মত পেশাদাররা অর্থনৈতিক অস্থিতিশীলতার শিকার। কোমি প্রজাতন্ত্রের বিষণ্ন জনগোষ্ঠী অংশে তাতিয়ানা লিটকিনার গবেষণায় দেখা গেছে, দারিদ্র্য ঘনীভূত চক্রের মধ্যে বিস্তৃত হয়ে গেছে, এমনকি একটি শহরের সব অধিবাসীর মধ্যেই বিস্তৃত। স্পষ্টতই, প্রধান শহরগুলিতে কিছু গোষ্ঠী দ্বারা উপভোগ করা সুযোগ-সুবিধা শুধু বাজার ব্যবস্থা দিয়েই সরবরাহ করা হয় কারণ এটি অন্যান্য অনেক লোককে সমাজের প্রান্তিকতায় স্থানান্তরিত করে।

ইতোমধ্যে, একটি উত্থাপিত অবসর বয়স সহ রাষ্ট্রের সাম্প্রতিক প্রস্তাবিত পেনশন সংস্কার দেশের সম্ভাবনা এবং রূযংক-এবং-ফাইল রাশিয়ানদের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনার জন্য ফোরামের পরিবর্তে বিভিন্ন রাজনৈতিক দলগুলির প্রচারের প্রতিযোগিতা করার জন্য একটি জায়গা হয়ে উঠেছে। ১৯৯০ এর দশকে, রাশিয়ার তরুণরা তাদের প্রজন্মের উত্তম ভবিষ্যত দাবি করে প্রতিবাদে শহরের রাস্তায় নেমেছিল।

এই নিবন্ধটি নিম্নোক্ত নিবন্ধগুলো থেকে নেওয়া: ভেটলানা ইয়ারোশেনকো (২০১৭) *"Lishnie liudi, ili O rezhime iskliucheniia v postsovetskom obshchestve"* [অতিরিক্ত মানুষ বা সোভিয়েত পরবর্তী রাশিয়ার সামাজিক বিচ্ছিন্নতার শাসন], *Ekonomicheskaia sotsiologiia* [অর্থনৈতিক সমাজবিজ্ঞান] ১৮ (৪)ঃ ৬০-৯০; তাতিয়ানা লিটকিনা এবং ভেটলানা ইয়ারোশেনকো (আসন্ন), *"Vozmonaia li sotsiologiia dlia trudiashchikhsia klassov v Rossii"* [রাশিয়াতে কি ব্লু কলার সমাজবিজ্ঞান চর্চা সম্ভব?], *মি রসি*। ■

১। ন্যূনতম মজুরি ১ মে, ২০১৮ সাল থেকে কেবলমাত্র সর্বনিম্ন খরচে জীবন যাপন করা হয়েছে।
২। ২০১০ সালে রাশিয়ার একজন ব্যক্তির জন্য সর্বনিম্ন জীবনযাত্রার খরচ ৫,৬৮৫ রুবেল ছিল। ন্যূনতম মজুরি প্রতি মাসে ৪,৩৩০ রুবেল ছিল। সর্বনিম্ন মাসিক বেকারত্ব বেনিফিট প্রদান ছিল ৮৫০ রুবেল, সর্বোচ্চ পেমেন্ট ৪,৯০০ রুবেল ছিল। সর্বনিম্ন বয়সী পেনশন পেমেন্ট মাসে ৬,১৭৭ রুবেল ছিল, যখন বিশ্ববিদ্যালয়ের বৃত্তি প্রদানের শিক্ষার্থীরা ১,৩৪০ রুবেল মাসিক স্টিপেন্ড পেয়েছিল। ন্যূনতম শিশু-পালন সহায়তা পেমেন্ট মাসে ২০২০ রুবেল ছিল, যখন গড় মাসিক বেতন ২০,৯৫২ রুবেল ছিল। এক (১) রাশিয়ান রুবেল ২০১৩ সালের জানুয়ারিতে ০.০২৩ ইউরোর মূল্য ছিল; ৩১ ডিসেম্বর, ২০১০ এ এটি ০.০২৪ ইউরো মূল্য ছিল।

সরাসরি যোগাযোগের জন্যঃ
ভেটলানা ইয়ারোশেনকো <s.yaroshenko@spbu.ru>

> লুম্পেনপ্রোলেতারিয়েত এবং চীনে নগরের নিচু শ্রেণী

এনগাই-লিং সাম, ল্যানেচেস্টার বিশ্ববিদ্যালয়, যুক্তরাজ্য



চিত্রাঙ্কনে আরবু।

মার্কস এবং এঙ্গেলস *"লুম্পেনপ্রলেতারিয়েত"* শব্দটি মূলত বর্ণনামূলক, অপমানজনক এবং অলৌকিক উপায়ে ব্যবহার করেছিলেন। সাম্প্রতিক অর্থনৈতিক ও রাজনৈতিক আলোচনার ক্ষেত্রে "নিম্নশ্রেণী" অনুরূপ জায়গা দখল করে নিয়েছে, যেখানে "সর্বহারা" -এর আরও ইতিবাচক অর্থ রয়েছে। এই লেখাটি গ্র্যামসির "নিচু" বা "অধস্তন" শ্রেণীগুলির ধারণাকে কাজে লাগায়, যা বিভিন্ন সামাজিক অধীনস্থ গোষ্ঠীর শোষণ, নিপীড়ন এবং প্রান্তিকতার তথা প্রভাবশালী সামাজিক গোষ্ঠীর কর্তৃত্ব থেকে স্বায়ত্তশাসনের আপেক্ষিক অভাবের বহুমাত্রিক চিত্র ধারনের দিকে লক্ষ্য রাখে। আমার কেস স্টাডি বিবেচনা করে যে ২০০৮ সালে আর্থিক সংকটের পর চীনে শহুরে দরিদ্রদের একটি নির্দিষ্ট স্তরের দারিদ্র্য এবং বৈষম্যের অভিজ্ঞতা কীভাবে একটি নতুন পরিচয়ের উন্নয়নে প্রতিফলিত হয়েছে- দিয়াওসি - যা ব্যক্তিগত বিবরণী এবং একটি উপসংস্কৃতি তৈরি করতে সামাজিক গণমাধ্যম ব্যবহার করে যা স্ব-হাস্যকর ভাবে কর্তৃত্ববাদী মূল্যবোধকে দরে রেখেছে।

> চীনে নিচু শ্রেণীর ডায়োসি (ক্ষতিগ্রস্ত)-র পরিচয়

২০০৮ সালের আর্থিক সংকট নগরের নিম্ন শ্রেনীর অবস্থার উন্নতি করেছে, প্রাথমিকভাবে ক্রমবর্ধমান বেকারত্বের কারণে এবং তারপরে ঋণভিত্তিক শহুরে মেগা প্রকল্প এবংবৃহত্তর সরকারী উদ্দীপনাসূচী কর্মসূচি দ্বারা সৃষ্ট রিয়েল এস্টেট বুমের প্রভাবে। ঋণ-ভারাক্রান্ত সম্পত্তি আবাসিক খরচ, আবাসিক ভাড়া এবং শহরগুলির খরচ বৃদ্ধি করে; ক্রমবর্ধমানভাবে, বিপদাপন্ন অভিবাসী কর্মীরা শহুরে বাসস্থানের অধিকার এবং সংশ্লিষ্ট কল্যাণ সুবিধা ব্যতীত স্বল্প বেতন সহ দীর্ঘ সময় ধরে কাজ করত। কারখানার সরবরাহকৃত ডরমিটরির বাসস্থান ছাড়াই তাদেরকে নগরগুলির পেরিফেরিতে উপমানিকের বাসস্থানের জন্য উচ্চ ভাড়া দিতে হত, অথবা নগর কেন্দ্রগুলিতে সামান্য জায়গায় (যেমন, বালকনি, ছাদের উপরে, পাত্রে বা ভূগর্ভস্থ বাংকার) বসবাস করতে হত। উদাহরণস্বরূপ, ২০১৪ সালে বেইজিংয়ে প্রায় এক মিলিয়ন অভিবাসীরা প্রাকৃতিক আলো ছাড়া এবং গণ শৌচাগার ও রান্নাঘর নিয়ে ভূগর্ভস্থ বায়ুযাপিত আশ্রয়স্থল এবং স্টোরেজে প্রায় ৬৫ মার্কিন ডলারে ছোট কক্ষ ভাড়া করে। তারা ওয়েটার, হেয়ারড্রেসার, জ্যানিটার, দোকান সহকারী, রাস্তার পাচারকারী,

>>

শেফ, নিরাপত্তা রক্ষী এবং নির্মাণ কর্মীদের মতো কম বেতনভোগী কর্মীদের অন্তর্ভুক্ত। এই নিচু শ্রেনীকে একটি "ইঁদুর উপজাতি" হিসাবে উপস্থাপিত হয়েছিল যেমনটা সি.ওয়াই. সিম তার ২০১৫ এর লেখায দেখিয়েছেন। ভিডিওঃ http://creativetimereports.org/2015/01/24/sim-chi-yin-rat-tribe-beijing-underground-apartments/।

২০১১ সালের শেষের দিকে, পপ সংস্কৃতি এবং সামাজিক গণমাধ্যমের সাথে জড়িত যারা বাস্তব বা ডিজিটাল কারখানাগুলিতে অনেক তরুণ অভিবাসী কর্মী, তাদের নতুন পরিচয়ের পরিপ্রেক্ষিতে তাদের প্রান্তিকতা এবং হ্যয় অবস্থার বর্ণনা দিয়ে বৈষম্য ও অবিচারের অনুভূতিগুলিতে প্রতিক্রিয়া জানান। দিওসি বিষয়ক অবস্থান আক্ষরিক অর্থে, একজন সেলিব্রিটি ফুটবলারের ভক্ত - প্রতিদ্বন্দ্বী ভক্তদের মধ্যে অন-লাইনের লড়াইয়ে আবির্ভূত হয়। এই পরিচয়টি তখন স্ব-হাস্যকরভাবে "লিঙ্গের ভক্ত" হিসাবে পুনরাবৃত্তি করা হয়েছিল, একটি ঘনিষ্ঠসমার্থক হিসেবে। এই স্থানান্তর শীঘ্রই সামাজিক গণমাধ্যমে ভাইরাল গিয়েছিল। এই পরিচয়টি প্রকাশের দুই মাস পরে, এটি চীনের টুইটার- ওয়েইবোতে ৪১.১ মিলিয়ন গুগল অনুসন্ধান এবং ২.২ মিলিয়ন ব্লগপোস্টকে আকর্ষণ করেছিল। তরুণ সাবাল্টারগুলি নিজেদেরকে ডিয়াওসি হিসাবে ঘোষণা করতে শুরু করে এবং সমস্ত ধরণের আলোচনার মাধ্যম এবং সামাজিক গণমাধ্যমে কাজ শুরু করা হয় (উদাঃ, YY এবং QQ চ্যাট)।

অনুৎপাদনমুখীতা উপপাদ্যটি সামাজিক-পরিবেশগত রূপান্তরকে প্রয়োজনীয়, কাম্য ও সম্ভাব্য হিসেবে স্বীকৃতি দেয়। ধারণা ও রাজনৈতিক প্রাসঙ্গিকতার শর্ত যা সামাজিক গতিবিদ্যা, সম্পাদনকারী, জোট, প্রতিষ্ঠান ও পদ্ধতির সাথে যুক্ত এবং যেগুলো অবনতির রূপান্তর ঘটায় তা উন্মুক্ত থাকে, যদিও এগুলো সক্রিয়ভাবে ইউরোপ ও এর বাইরেও বিতর্কিত। এই সময় যে শুধু বৈজ্ঞানিক অনুৎপাদনমুখী গবেষণা এজেন্ডা, যা অসুবিধাজনক প্রাসঙ্গিকতা তুলে আনে, এর জন্য উপযুক্ত তা-ই নয়, বরং তা রাজনীতির জন্যও। পরিবেশ অর্থনীতিবিদ টিম জ্যাকসন এবং পিটার ভিক্টর দ্য নিউইয়র্ক টাইমস-এ যুক্তি দিয়ে উল্লেখ করেছেন: "উৎপাদন ব্যতীত পৃথিবীকে কল্পনা করা সমাজের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ও জরুরী কাজগুলোর মধ্যে অন্যতম পর্যায়ে রয়েছে।" ■

সরাসরি যোগাযোগের জন্যঃ
ফেডেরিকো ডিমারিয়া <federicodemaria@gmail.com>

> নারীবাদ ও ক্রমাবনতি

মৈত্রী কিংবা প্রতিষ্ঠার সম্পর্ক?

অ্যানা সাভ-হার্নাক, ইউনিভার্সিটি অফ জেনা; জার্মানি, **করিনা ডেংলার**, ইউনিভার্সিটি অফ ভেখটা; জার্মানি, ও **বারবারা মুরাসা**, ওরেগন স্টেট ইউনিভার্সিটি, যুক্তরাষ্ট্র

"ক্রমাবনতি" পরিভাষাটি অনেকের কাছে ২০০৭ সালের আর্থিক সংকটের প্রেক্ষিতে অর্থনীতির দিক থেকে সংকোচন নির্দেশ করে। তবে এদিক থেকে "ক্রমাবনতি" বিষয়টি তেমন নয়। সক্রিয়তাবাদীদের স্লোগান হিসেবে "তাদের শিথিলতা আমাদের ক্রমাবনতি নয়!" ক্রমাবনতি-কে একটি একাদেমিয় ডিসকোর্স হিসেবে ব্যাখ্যা করলে এবং একটি সামাজিক আন্দোলন হিসেবে উত্থানের দিক থেকে একে নেতিবাচক উত্থান হিসেবে (জেমন-রিসেশন) বর্ণনা করলে ভুল হবে না। বরং ক্রমাবনতি মৌলিক-ভাবে একটি প্রশ্ন অবতারণা করে এবং সমাজকে অর্থনৈতিক প্রবৃদ্ধির ওপর নির্ভরশীলতা থেকে মুক্তির পথ জোরালো করে। এর মানে হল, ক্রমাবনতি আধুনিক সমাজের জন্য অপরিবর্তনশীল বৃদ্ধি, বিস্তার এবং সামাজিক ও বাস্তুহারিক শোষণের ওপর নির্ভরশীলতা পরিহার করে সম্ভাবনাগুলোকে পুনরুজ্জীবিত করে। একটি মূর্ত কল্পচিত্র হিসেবে এই ক্রমাবনতির সক্রিয়তা ও জ্ঞানতাত্ত্বিক কাঠামো সামাজিকভাবে ন্যায্য ও পরিবেশগতভাবে টেকসই সমাজ গড়ে তোলার ক্ষেত্রে পুঙ্খানুপুঙ্খভাবে একটি সর্বস্তরের পরিবর্তনকে প্রয়াস করে। আর বিকল্প সামষ্টিক অনু-শীলনের মাধ্যমে মৌলিক প্রতিষ্ঠানগুলোর পরিবর্তনে একটি বড় লক্ষ্যের সম্ভাব্য ধাপগুলোর দিকে এগিয়ে যায়। তাই ক্রমাবনতি হল আরেকটি সক্রিয়তার স্লোগান, আমরা ক্রমাবনতির কথা বলতে গিয়ে, "ক্রমাবন-তি-কে একটি সংকট নয়, একটি পরিকল্পনা হিসেবে ব্যাখ্যা করছি!"

আর এখনো, আমরা গ্রিসে বিদ্যমান অর্থনৈতিক প্রবৃদ্ধির দিকে তাকালে দেখি যে, এখানে এমন কতগুলো বিষয় রয়েছে যে, আমরা ক্রমাবনতির জ্ঞানতাত্ত্বিক ও সক্রিয়রা এগুলো শিখতে পারি। গ্রিসে এই প্রবৃদ্ধির নেমে যাওয়ার হার সমাজ ও সরকারি চাকরির ক্ষেত্রে বড় ধরনের সামাজিক চ্যালেঞ্জের সম্মুখীন করেছে। একটি পতনমুখী অর্থনী-তির অর্থ দাঁড়িয়েছিল যে, একটি সুশীল সমাজকে সরকারি ঋণের প্রতি-ক্রিয়ায় প্রতিকূল নীতির সঙ্গে মানিয়ে নেওয়া। হাসপাতাল, কিন্ডারগা-র্টেন আর প্রতিবেশিত্বের সম্প্রদায়ভিত্তিক নেটওয়ার্কগুলো সরকারি ব্যয় হ্রাস করার ফলস্বরূপ গড়ে উঠেছিল। এই উদ্যোগগুলোর অনেকগুলোই অর্থনৈতিক সংকটের (দুর্যোগের ফলে ক্রমাবনতি) দিককে প্রতিভাত করে তৈরি হয়েছিল। উদাহরণস্বরূপ- থেসালনিকিতে সংহতির ওপর ভিত্তি করে ক্লিনিক এরকম দৃষ্টান্তগুলোর একটা, এটা প্রতীয়মান করে, ক্রমাবনতি "পরিকল্পনা অনুযায়ী" তৈরি হয়েছে। তবে তারা বহুল-প্রতি-ষ্ঠিত নারীবাদী দৃষ্টিভঙ্গি উপজীব্য করে তোলে। গ্রিকদের ক্ষেত্রে দেখা যায়, নারীরা প্রতিকূল নীতির অপূর্ণতাগুলো কাটিয়ে তুলে এর নেতিবা-চক প্রভাবের শিকার হয়। যদিও কিছুসংখ্যক পুরুষ সাধারণ চাকরিগুলো হারিয়েছে। নারীরা বড় অংশে বিশেষ করে সেবাখাত ও সামাজিক পুন-রুৎপাদনের কাজে আগের সরকারি কাজগুলোতে ছিল। গ্রিসের উদাহ-রণটি নারীবাদীদের এ মর্মে এসে উপনীত করে যে, ক্রমাবনতি দুর্যো-গের ফল হিসেবে, সম্ভবত পরিকল্পনা হিসেবে নারীদের জন্য খুবই ঝুঁকিপূর্ণ হতে পারে। আর সম্ভাব্য হিসেবে সামাজিক পুনরুৎপাদন ও সেবাকাজকে আধুনিকতার বিপরীতে প্রতিষ্ঠা করতে পারে। পরবর্তী সময় ক্রমাবনতির জ্ঞানতাত্ত্বিকরা এই নারীবাদী দৃষ্টিভঙ্গির ভিত্তিতে দেখায় যে, তারা মৌলিক সামাজিক প্রতিষ্ঠানগুলোক যেমন- শ্রম ও সকলের জন্য ভাল জীবন গড়ে তোলার অপরিহার্য শর্ত তৈরির পুনর্সম-ঝোতার ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তনের ডাক দেয় না। ক্রমাবনতির এই সংকীর্ণ বোঝাপড়ার বিরুদ্ধে যেমন- "নারীবাদ ও ক্রমাবনতির জোট" (নাক্রজো) সংক্রান্ত আলোচনা, ক্রমাবনতি সমাজের মুক্তির সম্ভাব্যতার পথ খোঁজে, আর এর ভিত্তির মূল হিসেবে দাঁড়িয়েছে নারীবাদ এবং এর নানাবিধ ধরন ও ঐতিহ্য, এরকম অনেকগুলো মৌলিক দিক রয়েছে।

ক্রমাবনতির ডিসকোর্স আলোচনায় আসার পূর্বে নারীবাদী হিসেবে সক্রিয়, জ্ঞানতাত্ত্বিক ও পরিবেশবাদীদের মধ্যে বহু আগে থেকেই একটি আলোচনার ঝড় উঠেছে। উদাহরণস্বরূপ- এর গুরুত্বপূর্ণ দৃষ্টিভঙ্গিটি জা-র্মানিতে ১৯৮০ এর দশকে বিকশিত হয়েছে। এতে ইকোলজিক্যাল ইকোনমিক্স-এর বিশেষ সংখ্যা হিসেবে "নারী, বাস্তুসংশ্রয় ও অর্থনীতির" সংমিশ্রণে কাজ করার প্রয়াস লক্ষ্য করা গিয়েছিল। যখন এই সংলাপটি ক্রমাবনতির সমর্থকদের আলোচনায় ক্রমাগত উঠে আসছিল, নারীবাদী কারণগুলো আর ক্রমাবনতির প্রস্তাবগুলোর গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে থাকে নি।

আমরা মনে করি ক্রমাবনতির এখনো নারীবাদী বিষয়গুলো থেকে শেখার অনেককিছু আছে; ন্যায্য ও সংহতি ভিত্তিক সামাজিক-বাস্তুগত পরিবর্তনের ক্ষেত্রে ক্রমাবনতি যেভাবে আগাতে চায়, নারীবাদী অবদা-নগুলো তা অর্জনের জন্য অপরিহার্য। প্রথমত, বাস্তুগত নারীবাদের মূল অন্তর্দৃষ্টি হল যে, "প্রকৃতি" (পশ্চিমা চিন্তায় যার মূল প্রোথিত রয়েছে "নারী" ও "সামাজিক প্রজনন"-এ (যা "প্রাকৃতিকভাবে" ঘটে থাকে বলে মনে করা হয়), পুঁজিবাদী অর্থনীতিগুলোতে যা মৌল ভিত্তি হিসেবে প্র-ত্যেক উৎপাদন কর্মকাণ্ড পরিচালিত হয়। এখনো পুঁজিবাদী প্রবৃদ্ধির ক্ষেত্রে উভয়টিকেই মূল্যায়ন করা হয় না, অদৃশ্য হিসেবেই রাখা হয়। আর প্রতিটি দিনের প্রেক্ষিতে এর ধ্বংস সাধন হয়েছে। সামাজিক ও বাস্তুহারিক প্রজননের সমান্তরাল এই শোষণ ও মূল্যায়ন না করাকে সামনে রেখে ক্রমাবনতির বিষয়গুলো দেখা প্রয়োজন এবং মানব-প্রকৃ-তির সম্পর্ককে আরো ধরে রাখতে এর সংগ্রামকে আরো গতিময় করতে এর মূল দাঁড় করানো দরকার। দ্বিতীয়ত, নারীবাদী তত্ত্ব বহু আগেই প্রবৃদ্ধিতে প্রোথিত ক্ষমতার সম্পর্কের আলোকে উঠে এসেছে। উদাহর-ণস্বরূপ- মারিয়া মাই-এর ১৯৮৬ সালের পুরুষতন্ত্র ও "চলতে থাকা পুঞ্জীভবন" ও "প্রবৃদ্ধি"-র সম্পর্ক দেখায় যে, নারীবাদ ও ক্রমাবনতির আন্দোলনের নারী ও পুরুষের প্রজনন কেবল সম্ভবই না, বরং, পুঁজিবা-

>>

"নারীবাদী অবদানগুলি হল ডান ও সংহতি-ভিত্তিক সামাজিক-পরিবেশগত রূপান্তর অর্জনের জন্য অপরিহার্য, যা উদ্ভাসিত হয়"

দের শোষণের কাঠামো ব্যাখ্যা করতে অপরিহার্য। তৃতীয়ত, নারীবাদ পরিবারে যত্নাদির পুনর্বণ্টন বা বেসরকারি খাত যেখানে কোন পরিবর্তন ছাড়াই অর্থনীতিতে সংকোচন আনে, তার বিরুদ্ধে সাধারণ হিসেবে এর সাংগঠনিক যত্নের তত্ত্ব ও এর সমর্থিত চর্চাগুলো তুলে ধরেছে। অ্যামা-ইয়া পেরেজ অরোজকোর "জীবনের টেকসয়তা" ক্রমাবনতির সমাজে যত্নের একটি দিকটিকে মূল্যবান প্রারম্ভ হিসেবে মনে করে। একটি "যত্নের সাধারণীকরণ" ব্যক্তি, কখনো নারী সেবাদাত্রীদের সমর্থন করে। আর তাদের একত্রিত হওয়ার একটি সামাজিক স্থান নির্ধারণ করে, তারা যেখানে ভাববিনিময় করে, রাজনৈতিকভাবে সক্রিয় হয়ে ওঠে, সিলভিয়া ফেদেরিসি যেমনটি মনে করেন। এ কাজটি যত্নের কাজকে সংগঠিত করার ক্রমাবনতির চর্চার বড় পথকে উজ্জীবিত করে।

নারীবাদ ও ক্রমাবনতির মাঝে সংলাপ গড়ে তোলার ক্ষেত্রে কিছু অর্জন করা প্রয়োজন। এই প্রয়াসকে জারি রাখতেও অনেক চ্যালেঞ্জ বিদ্যমান। কেউ কেউ নারীবাদে অংশগ্রহণ করার চেয়ে আরো ব্যাপক হয়ে উঠেও দমে যায়। এমনকি বাস্তুহারিক নারীবাদ ও ক্রমাবনতির কথোপকথন জারি রাখার ক্ষেত্রে যারা রয়েছেন, তারাও তাদের যে পরি-ভাষাগুলোর ওপর ভর করে তারা দাঁড়িয়েছেন, সেগুলো পারস্পরিক বোঝার ক্ষেত্রে সমস্যা রয়েছে।

যাই হোক, সামাজিক দলগুলোর, যারা সাধারণত সামাজিক প্রজননে অংশ নেন, তাদের জন্য ঝুঁকি হ্রাস করে পদক্ষেপ গ্রহণের জন্য বাস্তুহা-রিক দুর্যোগকে বেগবান করে বাস্তবসম্মত ও গুরুত্ববহ করা প্রয়োজন। ফেদেরিসি সাম্প্রতিক সময়ে (২০১৮সালে) দেখান, আমরা সারা বিশ্বে নারীদের প্রতি ক্রমবর্ধমান সহিংসতার অশনিসংকেতের সম্মুখীন হতে চলেছি, বিশেষ করে তারা, যারা স্থানীয় সম্প্রদায়ের সমর্থন, লোকায়ত জ্ঞান ও পরিচর্যার সঙ্গে যুক্ত। এই সহিংসতা এলিটদের প্রবৃদ্ধিকে বাঁচিয়ে রাখতে নব্যউদারনৈতিক ক্রুসেডের অধীনে বৈশ্বিক "বলয়" হিসেবে নবায়িত হয়ে আরো বেগবান হবে। এর জন্য, সময়ের দাবি হিসেবে নয়, পুরুষতন্ত্রের পদদলে পিষ্ট হয়ে চ্যালেঞ্জের মুখোমুখি নয়, আমরা আগে যেভাবে বলেছি, পুঁজিবাদী প্রবৃদ্ধির দৃষ্টান্ত বোঝার ক্ষেত্রে ক্রমাবনতির সক্রিয়তাবাদ ও জ্ঞানগুলো অধিক গুরুত্বপূর্ণ।

নারীবাদকে ক্রমাবনতির আন্দোলনের সঙ্গে অঙ্গাঙ্গিভাবে যুক্ত করার চ্যালেঞ্জগুলো নাক্রজো নেটওয়ার্ক প্রাণবন্তভাবে তুলে ধরেছে। দুইটি ডিসকোর্স ও আন্দোলনগুলোর মধ্যে মৈত্রী সম্পর্ক তৈরি না করার পরি-বর্তে কিছু সদস্য সম্ভাবনা না থাকার জায়গার সঙ্গে তাদের সাধারণ সংগ্রামের তফাৎকে যুক্ত করে আলোকপাত করেছেন। দুইটি মৌলভি-ত্তির ক্ষেত্রেই আলোকপাত করা জরুরি। এক্ষেত্রে পুঁজিবাদী বৃদ্ধি কীভাবে ঘটে এবং পুরুষতান্ত্রিক মূল এর গভীরতায় কতটা প্রোথিত, এটা নির্ধা-রণ করতে পারলে প্রবৃদ্ধির দৃষ্টান্ত অতিক্রম করে সমাজের মৌলিক পরি-বর্তন আনা সম্ভব। সমন্বিত নারীবাদ ও ক্রমাবনতি একটি প্রকল্প, যা বাস্তবায়ন করতে আমরা সকলে আমন্ত্রিত। গ্লোবাল ডায়ালগে একটি নারীবাদী ক্রমাবনতির সমাজ গড়ে তোলার বয়ান হাজির করা আমাদের সকলের দায়িত্ব! ■

সরাসরি যোগাযোগের জন্যঃ
সাভ-হার্নাক <anna.saave-harnack@uni-jena.de>
করিনা ডেংলার <corinna.dengler@uni-vechta.de>
বারবারা মুরাসা <Barbara.Muraca@oregonstate.edu>

> একটি অবনতি কৌশলের জন্য চ্যালেঞ্জ
গ্রীসের ঘটনা-বিবরণ

গ্যাব্রিয়েল সাকেলারিদিস, ইউনিভার্সিটি অফ এথেন্স, গ্রীস

গ্রীসকে ২০১২ সালের লন্ডনে বিক্ষোভের মুখে ফেলতে হবে। শীলা / ফ্লিকার। কিছু অধিকার সংরক্ষিত।

এটি পুঁজিবাদী অর্থনীতিতে স্বীকৃত বলে মনে করা হয় যে দেশের নাগরিকদের সমৃদ্ধি নিশ্চিত করতে অর্থনৈতিক প্রবৃদ্ধি অপরিহার্য। তবে প্রবৃদ্ধির লালসা কেবলমাত্র জনসাধারণের বক্তৃতা এবং বৈজ্ঞানিক দৃষ্টান্তের মধ্যে লক্ষণীয় প্রভাবশালী ধারনাগুলির একটি সেট হিসাবে বিবেচনা করা উচিত নয়। প্রবৃদ্ধির আরাধনা কেবলমাত্র ক্ষমতাশীল গণ্যমান্য পন্ডিত এবং ভোট-প্রার্থী রাজনীতিবিদদের দ্বারা অর্পিত "প্রবৃদ্ধি মতাদর্শ" নয়। পক্ষান্তরে, এই "প্রবৃদ্ধির মতাদর্শ" পুঁজিবাদী প্রক্রিয়াকে নিয়ন্ত্রণকারী শক্তিশালী আইনের ফলাফল হিসাবে দেখা উচিত যার মতে প্রতিযোগিতা, পুঁজি সংযোজন এবং মুনাফার সর্বাধিক লাভ তার জেনেটিক কোডে থাকে।

পরিবেশগত ঝুঁকির জন্য ক্রমবর্ধমান উদ্বেগ হতে প্রসূত হ্রাস ধারণার দ্বারা জরুরী বৃদ্ধি প্রতিযোগিতামূলক হয়েছে। সামাজিক এবং পরিবেশ-বান্ধব "উৎপাদন ও ভোগের ন্যায়সঙ্গত হ্রাস" হিসাবে হ্রাসকে সংক্ষেপে সংজ্ঞায়িত করা যেতে পারে। অপরিহার্য বৃদ্ধির তুলনার ক্ষেত্রে, নেতিবাচক বৃদ্ধি বিষয়ক তাত্ত্বিক এবং সক্রিয় কর্মীরা যুক্তি দেন যে প্রাকৃতিক সম্পদের অপ্রতুলতা, জলবায়ু পরিবর্তন, কর্মদিবসের ব্যাপ্তি, জীবনযাত্রার গুণগতমান এবং অন্যান্য কারণে বৃদ্ধিতে নির্দিষ্ট কিছু সামাজিক সীমাবদ্ধতা রয়েছে। জিডিপিকে সমৃদ্ধির একটি বিভ্রান্তিকর সূচক বলে মনে করা হয়, কারণ এটি অর্থ-বিষয়ক শর্তাবলী ব্যক্ত করা না এমন বহু সংখ্যক গুরুত্বপূর্ণ চলরাশিকে এড়িয়ে যায় এবং এছাড়াও সমাজকে উতপাদনশীলতা ও ভোক্তাদেরকে একটি জাতিতে সীমাবদ্ধ করে।

অর্থনৈতিক সংকটকে অনুসরণ করে সাম্প্রতিক বিশ্বব্যাপী মন্দার আলোকে আন্তর্জাতিক উৎপাদন মডেল বিতর্কিত হয়েছে। যখন বিশ্বব্যাপী বর্তমান হিসাবের ভারসাম্যহীনতার ক্ষেত্রে অর্থনীতিবিদরা বেশিরভাগ ক্ষেত্রে সন্দেহ প্রকাশ করেছে তখন সেখানে "হ্রাস শিবির" থেকে ক্রমবর্ধমান সমালোচনার প্রতিবন্ধকতা আসছে যা সংকটের দিকে এগিয়ে যাচ্ছে বৃদ্ধির অন্বেষণ থেকে বেরিয়ে এসে সামাজিক অগ্রাধিকারগুলিকে পুনরুজ্জীবিত করার সুযোগ হিসাবে।

গ্রিস আরপিত কঠোরতার প্রভাব নিয়ে জনসাধারণের বিতর্কের উপকেন্দ্রে আছে, কারণ দেশটি গ্রেট ডিপ্রেশনের সময় থেকে উন্নত পুঁজিবাদী দেশগুলিতে অন্যতম ভয়াবহ মন্দার অভিজ্ঞতা লাভ করেছে ; ২০০৮ থেকে ২০১৭ সালের মধ্যে এটি ২৮.১% প্রকৃত জিডিপি হারিয়েছে, যখন একই সময়ের মধ্যে বেকারত্ব ৭.৮% থেকে ২১.৫% এ উত্তীর্ণ হয়েছে (২০১৩ সালে ২৭.৫% বেড়েছে)। অর্থনৈতিক সংকট দেশটিকে গভীর সামাজিক সংকটের মধ্যে ফেলে দেয় যা রাজনৈতিক পরিসরেও জটিল প্রতিনিধিত্বের সংকটের রূপে প্রতিফলিত হয়, যেখানে নতুনদের গঠনকালে প্রতিষ্ঠিত রাজনৈতিক পরিচয় ও দলীয় সম্পর্কগুলি ভেঙ্গে যায়।

সামাজিক প্রেক্ষাপটে, গুরুত্বপূর্ণ জিজ্ঞাসাটি হল টেকসই এবং সুচিন্তিত হ্রাসের কৌশলটি ফলপ্রসূ প্রমাণিত হতে পারে কিনা। যেমন এখানে যুক্তি দেওয়া হয়েছে তা যদি না হয় তবে কোন প্রধান প্রক্রিয়াগুলি এটিকে এত কঠিন করেছিল তা আলোকপাত করা জরুরী। হ্রাসের চ্যালেঞ্জগুলকে তার আলোচ্যসূচি প্রত্যাখ্যান করার কারণ বিবেচনা করা উচিত নয়, বরং বিপরীতে নেতিবাচক বৃদ্ধির তাত্ত্বিকদের তাদের কৌশলগুলির ভিত্তি শক্তিশালী করার জন্য অতিক্রম্য বাধা হিসাবে দেখা উচিত।

নিম্নোক্ত দুটি অনুচ্ছেদের মাধ্যমে স্পষ্ট হয়ে উঠে যে ট্রোকার নীতির বিধান এবং বাদবাকি বিকল্পগুলি উভয়েই বৃদ্ধি চক্রের চারপাশে ঘোরাফেরা করে এবং সেকারণেই জরুরী প্রবৃদ্ধিকে ঘিরে সমগ্র জনসাধারণের মাঝে বিতর্কের জন্ম হয়েছিল।

গ্রীক অর্থনীতির জন্য একটি বিনিয়োগ এবং রপ্তানিভিত্তিক প্রবৃদ্ধি বাড়ানো, অভ্যন্তরীণ অবমূল্যায়ন এবং শ্রম ও পণ্য বাজারের কাঠামোগত সংস্কারের বিধানের উন্নতি এবং প্রতিযোগিতামূলক মনভাব বাড়ানোর কৌশল হিসাবে বাস্তব বিনিময় হারকে উদ্দেশ্য করা এবং গ্রীক অর্থনীতি একটি ন্যায়সঙ্গত চক্র মধ্যে রাখার চেষ্টা ছিল ত্রইকা দ্বারা গৃহীত কৌশল। তবে পরিশেষে এটি গ্রিসের বিশাল সংখ্যাগরিষ্ঠ জনগণের জন্য একটি বিপর্যয় প্রমানিত হয়েছে।

>>

ত্রয়িকা নীতির বাম দ্বারা প্রস্তাবিত বিকল্প পন্থা দ্বিগুণ ছিল। অপরদিকে, যারা সমর্থন করেছিল যে গ্রীসের ইউরোজোনে থাকা উচিৎ কিন্তু তারা "কঠরতা বিরোধী" শিবিরে অবস্থান করে একটি নতুন "মার্শাল প্ল্যান" প্রস্তাব করেছিল যা জনসাধারণের বিনিয়োগ বাড়াবে, পাশাপাশি সামগ্রিক চাহিদার ব্যবস্থাপনা যা ব্যক্তিগত খরচ এবং বিনিয়োগ বৃদ্ধি করবে। গ্রিক জনসাধারণের ঋণের পুনর্গঠনের সাথে সাথে, এই কৌশলটি তার টেকসইত্ব এবং কিনিসিয়ান প্রক্রিয়াগুলির মাধ্যমে চাকরি এবং আয়ের জোগান নিশ্চিত করবে। অন্যদিকে, গ্রিক্সিটের প্রবক্তারা দাবি করেছেন যে ইউরোয়ের বিরুদ্ধে নামেমাত্র মূল্যহ্রাসকৃত একটি নতুন জাতীয় মুদ্রা গ্রহণের ফলে রপ্তানি বৃদ্ধি পাবে এবং আমদানি হ্রাস পাবে এবং রপ্তানি-ভিত্তিক বৃদ্ধি এবং কারখানাজাত আমদানি-প্রতিস্থাপনের সমন্বয় সাধন করবে।

পাবলিক ঋণ স্থায়িত্ব উৎপাদন বৃদ্ধির সাথে তার সম্পর্ক থেকে উদ্ভূত গ্রীসে বর্নিত নিরেট হ্রাসের বিকাশ হল প্রথম চ্যালেঞ্জ। যে মুহূর্ত থেকে গ্রীস জনসাধারণের ঋণ শোধক্ষমতা সংকটের মুখোমুখি হয়েছিল, ঋণের স্থায়িত্ব অনুসৃত নীতিগুলির লক্ষ্যমাত্রা হয়ে দাঁড়িয়েছিল, অন্তত উচ্চারণে। সরকারী ঋণ স্থায়িত্বের মূল চলকগুলি হল রাজস্বের প্রাথমিক হিসাবনিকাশ এবং সরকারি বন্ধকে সুদের হার এবং নামমাত্র উৎপাদন বৃদ্ধির হার। যদি নামমাত্র বৃদ্ধির হার সুদের হারের চেয়ে কম হয় তবে তথাকথিত "স্নোবল ইফেক্ট" আলোড়ন সৃষ্টি করে এবং জনসাধারণের ঋণ বৃদ্ধি করে, এমনকি প্রাথমিক উদ্বৃত্ততার অধীনেও। উৎপাদন বৃদ্ধি তখন পাবলিক ঋণ স্থায়িত্বের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ চলক হয়ে ওঠে। এমন চাপের মুখে "নেতিবাচক বৃদ্ধি" কৌশলের জন্য প্রস্তাবনার সামান্য গ্রহণযোগ্যতা আছে।

দ্বিতীয় চ্যালেঞ্জটি উদ্ভূত হয় সমসাময়িক পুঁজিবাদের আর্থিক রূপ থেকে এবং এটি ঋণ বিচ্যুতির সাথে যুক্ত যা একটি অর্থনীতিকে "ব্যক্তিগত ঋণ-মন্দা" নামক ক্ষতিকারক বৃত্তে আটকে ফেলতে পারে। পুঁজিবাদী অর্থনীতি হল অর্থ-উৎপাদনের অর্থনীতি এবং তাদের ইউনিটগুলির ব্যালেন্স শীট একটি জটিল আর্থিক নেটওয়ার্কের মাধ্যমে সংযুক্ত হয়। অত্যধিক ব্যক্তিগত ঋণের উপস্থিতিতে, একটি মন্দা ঋণের বোঝা বাড়ায়, যার ফলে ঋণের বিচ্যুতি ঘটে।

তৃতীয় চ্যালেঞ্জটি বেকারত্ব এবং তার সঙ্গত সামাজিক মূল্যের সঙ্গে যুক্ত। এটা নিয়ে তর্ক করা যুক্তিহীন যে ২০১৩ সালে বেকারত্বের হার বেড়ে ২৭.৫% হয়েছিল যা ২০০৭ সালে ৭.৮% ছিল এবং তা গ্রীক সমাজের ভিত্তি নড়িয়ে দিয়েছিল এবং লক্ষণীয় রাজনৈতিক ঝুঁকিও প্রকাশ করে।

যেহেতু অর্থনৈতিক অগ্রগতির সাথে কর্মনিয়োগের একটি দৃঢ় ইতিবাচক সম্পর্ক আছে সেহেতু গ্রীসের নীতির আলোচ্যসূচি অনিবার্যভাবে বৃদ্ধির কৌশলের সাথে আবদ্ধ, প্রকৃত রাজনৈতিক সময়ে পথ নির্ভরতা প্রবল হয়ে উঠে উচ্চ বেকারত্বের চাপ মোকাবেলা করার কারণে। অন্য কথায়, যেহেতু সেখানে হ্রাস কৌশলের মাধ্যমে নতুন চাকরি তৈরি করার কোনো প্রস্তুতি ছিল না, তাই "গতানুগতিক ব্যবসা" দৃষ্টান্তটি জনসাধারণের বিতর্ককে প্রভাবিত করেছে, উদাহরণস্বরূপ, "উচ্চতর বৃদ্ধি" আরো কাজ।

চতুর্থ চ্যালেঞ্জের প্রধান হল মূলধন প্রলোভিত অর্থনীতি, মন্দার সময় গ্রিকের মতো বিনিয়োগকে আকর্ষণ করতে উল্লেখযোগ্যভাবে এর পরিবেশগত মানদণ্ড কমিয়ে দেয়। ফাস্ট-ট্র্যাক বিনিয়োগের উপর নতুন আইন প্রণয়ন উপরের প্রবণতার বৈধতা যাচাই করেছে। এমন অনেক বিনিয়োগের উদাহরণ রয়েছে যা সংকটের আগে সামাজিক প্রতিরোধ গড়ে তুলেছিল, কিন্তু আজকাল সামাজিকভাবে বৈধ বলে বিবেচনা করা হয়। এর মধ্যে উত্তর গ্রীসের চ্যালকিডিকিতে নতুন সোনার খনি সহ নতুন উত্তোলন প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে, অথবা আইওনিয়ান ও ক্রেতান সমুদ্রের তেল ও প্রাকৃতিক গ্যাসভাণ্ডার থেকে উত্তোলনের জন্য গ্রিক সরকার তেল কোম্পানিগুলির সাথে স্বাক্ষরিত অনুসন্ধানের চুক্তি অন্তর্ভুক্ত রয়েছে। বৃদ্ধির জন্য এই ব্যাকুলতার আরেকটি উদাহরণ হচ্ছে হেলিনিকোর প্রাক্তন এথেন্স বিমানবন্দরের ত্যাগ, যা বর্তমান সরকার বিদেশী ও দেশীয় বিনিয়োগকারীদের চাপের অধীনে একটি বিশাল আবাসন পরিকল্পনার মাধ্যমে একটি মহানগরী পার্কে রূপান্তর করতে প্রতিশ্রুতিবদ্ধ।

অর্থনৈতিক প্রকৃতি আনুযায়ী "নেতিবাচক বৃদ্ধির বিষয়সূচি যেধরনের প্রতিযোগিতার মুখোমুখি হতে হবে তা অর্থনীতিবাদে গ্রহণযোগ্যতা রাখেনা।তবে "প্রবৃদ্ধি অর্থনীতিতে" তাদের গুরুত্বের কারণে এর বিশেষ বাধাগুলি বোঝার প্রয়োজন হয়। তারা ব্যাতিরেকে যেমন "অর্থনীতির দিকগুলি" সম্পূর্নভাবে বাস্তবতাকে উপেক্ষা করে এবং নেতিবাচক বৃদ্ধির কৌশলগুলির সম্ভাবনা কমায়।

একই সময়ে, এই সংকটের সময় গ্রীসে পরিকল্পিত উৎপাদনের বিকল্প পদ্ধতি নিয়ে তর্ক করা বা ভোগের ধরণ ছিলো কিনা তা নিয়ে প্রশ্ন করা যুক্তিযুক্ত নয়। বিপরীতভাবে, সময়সীমা, শহুরে বাগান, কৃষিজাত পণ্যের ক্ষেত্রে "নো-মিডলম্যান" নেটওয়ার্ক এবং এমনকি স্ব-ব্যবস্থাপনায় ব্যবসার উদ্যোগসহ এই ধরনের বেশকিছু উদ্যোগ, যদিও স্থানীয় পর্যায়ে, উদিত হয়। তবুও, এই উদ্যোগগুলি প্রায়শই অসম্পূর্ন ছিল এবং বিশেষত দীর্ঘ মন্দার চাপে এটি একটি কার্যকর বিকল্প তৈরি করতে পারেনি। তবুও তারা সামাজিক প্রতিষ্ঠানের আদর্শ বিরোধী বীজগুলিকে ঘিরে রাখে, মতাদর্শগতভাবে প্রভাবশালী সামাজিক চাহিদার ধারনাগুলোকে প্রশবিদ্ধ করে এবং তাদের পরিবেশগত সংরক্ষণ ও অর্থনৈতিক গণতন্ত্রের দিকে পুনর্বিন্যাস করে। তারা অর্থনীতিবাদের মুখোমুখি হয় এবং উৎপাদন ও ভোগের ধরণের কেন্দ্রে সামাজিক চাহিদা রাখে। ■

সরাসরি যোগাযোগের জন্যঃ
গ্রাবিয়েল সাকেলা রিডিম <Gabriel.sakellaridis@gmail.com>

> চিলিঃ

নব্যউদারনীতিবাদ থেকে পরবর্তী-উন্নত সমাজে?

জর্জ রোজাস হারনেন্ডাস, কোপেনহেগেন ইউনিভার্সিটি, চিলি

আরও পরিবর্তন করতে, আরও বাস্তব সমাধান প্রয়োজন হয়। টাইমস আপ লিন্জ / ফ্লিকার। কিছু অধিকার সংরক্ষিত।

চিলির অপেক্ষাকৃত সংক্ষিপ্ত ইতিবৃত্তে, এটি বিভিন্ন অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক শাসনব্যবস্থার অভিজ্ঞতা লাভ করেছে। কয়েকজন সরকার সংস্কার বা বিপ্লবের প্রতিশ্রুতি দিয়েছিলো, কিন্তু এর ফলশ্রুতিতে আরো গভীর দ্বন্দ্বের সৃষ্টি হয়। ফেনটের জনপ্রিয় সরকার- একটি কেন্দ্রীয় বাম জোট ১৯৩৮ সালে দায়িত্ব গ্রহণ করে কিন্তু তা দীর্ঘস্থায়ী ছিল না। ১৯৬৪ সালে এডুয়ার্ডো ফ্রেই মন্টালভা ক্রিশ্চিয়ান ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হিসাবে রাষ্ট্রপতি নির্বাচনে জয় লাভ করেন। সমাজতন্ত্র ও পুঁজিবাদের বিকল্প হিসেবে তাঁর পরিচালিত একটি প্রোগ্রাম "তৃতীয় উপায়" কাঠামোগত সংস্কার এবং সমাজের একটি শক্তিশালী রাজনৈতিকীকরণ দ্বারা চিহ্নিত করা হয়েছিল। সবচেয়ে গুরুত্বপূর্ণ লক্ষ্য ছিল কৃষি সংস্কার।

১৯৭০ থেকে ১৯৭৩ সাল পর্যন্ত সালভাদর অ্যালেন্ড ক্ষমতায় ছিলেন, যিনি ইউনিডাড পপুলারের বিপুল জনপ্রিয় সরকার, সমাজতান্ত্রিক, কমিউনিস্ট এবং অন্যান্য ছোট বামপন্থী দলগুলির একটি জোটের নেতৃত্ব দেন। তিনি প্রধান অর্থনৈতিক সেক্টরগুলোর (ব্যাংকিং, কৃষি, খনি থেকে তামা উত্তোলন এবং প্রধান শিল্পপ্রতিষ্ঠান) জাতীয়করণ করেন। শ্রমিক সম্প্রদায় এবং সমাজের অন্যান্য দরিদ্র ত্রুটিপূর্ণ সামাজিক স্তরের জন্য অধিক সমতা ও ন্যায়বিচার অর্জনের লক্ষ্যে চিলির রাষ্ট্রীয় কাঠামোর মাধ্যমে "লং মার্চ" এর ফলাফল ছিল অ্যালেণ্ডার সরকার। উপরন্তু অগ্রগতির একটি দৃষ্টান্ত হিসাবে তার সংস্কারগুলি ছিল ষাটের দশকের স্বাধীনতাবাদী রাজনৈতিক ধারণার অংশ।দুর্ভাগ্যবশত, ১৯৭৩ সালে গণতান্ত্রিক সমাজতন্ত্রের এই পরীক্ষাটি সামরিক অভ্যুত্থানের সাথে নাটকীয়ভাবে বিলীন হয়ে যায়।

তারপর নব্য-উদারপন্থী অর্থনীতিবিদদের সাথে একত্রে সামরিক একনায়কতন্ত্র ব্যক্তিগতীকরণের একটি মৌলিক নীতি বাস্তবায়ন করেছিল। শুধুমাত্র অর্থনৈতিক কাঠামোর পরিবর্তন করা নয় বরং চিলির সমাজকে রূপান্তর করা এবং একটি নতুন সামাজিক ও সাংস্কৃতিক কাঠামো গড়া ছিল তাদের উদ্দেশ্য: একটি নিরপেক্ষ ও বাজার -ভিত্তিক সমাজ, একটি অরাজনৈতিক ও স্বতন্ত্র সমাজ- প্রধানত ভোক্তা ভিত্তিক, যাতে ব্যক্তিগত অগ্রগতি এবং সুখের জন্য "ন্যায্য" মাধ্যম হিসাবে বৃদ্ধি এবং প্রতিযোগিতা প্রতিষ্ঠিত হয়েছিল। অর্থনীতি এবং এর সামাজিক কার্যকলাপ থেকে রাষ্ট্রটি ক্রমশ সরে গিয়েছিল। ১৯৯০ এর দশকের গণতান্ত্রিকীকরণ প্রক্রিয়ার সময়ও এই আদর্শটি অব্যাহত ছিল।

>>

বেসরকারীকরণ ও ব্যক্তিগতীকরণের এই নীতিটি অবধারিতভাবে চিলির জনসংখ্যার সিংহভাগের মধ্যে ভবিষ্যতের জন্য অর্থ ও ভয়কে হ্রাস করে। ফলস্বরূপ, ২০০৬ সালের প্রতিবাদ- উন্নত সর্বজনীন শিক্ষার দাবিতে "পেঙ্গুইন্স" নামের একটি ছাত্র আন্দোলনের মত প্রতিবাদ ও নাগরিক আন্দোলনগুলো অস্তিত্ব লাভ করে। একটি বিশাল ছাত্র আন্দোলন এই পথ অনুসরণ করে ২০১১ সালে বিনামূল্যে বিশ্ববিদ্যালয়য়ের শিক্ষা দাবি করে।উভয় আন্দোলনই পরবর্তী সরকারের কার্যক্রমে তাদের নিদর্শন রেখে গিয়েছিল।পরিবর্তন এই প্রক্রিয়াগুলো দুরূহ এবং শ্লথ, কিন্তু পরিশেষে তাদের ইতিবাচক রাজনৈতিক এবং সামাজিক প্রভাব ছিল।

২১ শতকের শুরুতে, বর্তমানের সামাজিক-পরিবেশগত, জলবায়ু সংক্রান্ত এবং প্রাতিষ্ঠানিক সংকটগুলি ব্যাখ্যায় সচেষ্ট সাম্প্রতিক অগ্রগতির মডেলগুলি নিশ্চিতভাবেই নিঃশোষিত হয়ে পড়েছে বলে মনে হচ্ছে। কিন্তু এখনও শিল্প সমাজগুলিতে একটি যান্ত্রিক যৌক্তিকতা কর্তৃত্ব বিস্তার করে, যা মানব ক্রিয়াকলাপকে প্রকৃতি থেকে পৃথক করে বিশ্বের উত্তরে সন্দেহাতীতভাবে উর্বর এবং বিশ্বের দক্ষিণ অঞ্চলে নিষ্ক্রিয়- যার ফলে বাস্তুতন্ত্র, জলবায়ু এবং সামাজিক জীবনের ব্যাপক পরিবর্তন ঘটে। এবং অগ্রগতি ও প্রবৃদ্ধির নবনিযুক্ত নব্য-উদারপন্থী মতাদর্শগুলি যা প্রসারিত হয়েছিল আধুনিকীকরণের আকাঙ্ক্ষা এবং বিশ্বায়নের নতুন প্রতিচ্ছবি দ্বারা, তা এখন পৃথিবীর বাস্তুসংস্থানসংক্রান্ত সীমা এবং সামাজিকভাবে গ্রহণযোগ্য সীমা অতিক্রম করছে। এই উন্নয়ন চিলির সীমান্তেই থেমে নেয়। আজ আমরা পরিবেশগত এবং সামাজিকভাবে দায়বদ্ধ এবং টেকসই সামাজিক রীতি থেকে অনেক দূরে।

চিলির অভ্যুত্থান দ্বারা প্রবলভাবে প্রবর্তিত হওয়া পরিবর্তনগুলি আজ অনেক দেশে ধীরে ধীরে কিন্তু বিশ্বায়নের সাথে যুক্ত স্থিতিশীল নৈ-উদার প্রক্রিয়াগুলির পরিবর্তনের রূপে পরিপক্কতা লাভ করছে। ১৯৮০ দশকের গোড়ার দিকে চিলির নব্য-উদারপন্থী কাঠামো আমাদের দেখায় যে উৎপাদন বহির্ভূতকরণ আরও বেশি কাজের অনুকূল পরিবেশ এবং একটি নতুন অসুদূরপ্রসারী গঠনের দিকে ধাবিত করে। বিশ্বায়ন প্রক্রিয়া আজও একইভাবে কাজ করছে। আরও বলা যায় যে এটা বিশ্বব্যাপী পরিকল্পিত প্রচুর চাকুরীর হ্রাসের সাথে সদ্য শুরু হওয়া নতুন প্রযুক্তিক বিপ্লবের প্রভাব (৪.০)। পরিবেশগত সংকট এবং জলবায়ু পরিবর্তন জলবায়ু পরিবর্তনের ফলে পরিবেশগত ক্ষতি এবং ক্রমবর্ধমান দুর্যোগের কারণে কাজ কীভাবে প্রভাবিত হতে পারে সে সম্পর্কে আমাদের চিন্তা করার জন্য জোর দিচ্ছে। এই সমস্ত কারণগুলি সামাজিক বিচ্ছিন্নতা এবং নতুন বৈষম্যের ফলাফল। ফলস্বরূপ, নাগরিকদের অসন্তুষ্টি বাড়ছে। অনেক দেশে দৃশ্যমান সামাজিক অন্তর্ভুক্তির এই অভাব বর্তমানে প্রতিষ্ঠিত গণতন্ত্র এবং ব্যক্তিগত ও নাগরিক অধিকারকে হুমকির সম্মুখীন করে এবং শেষপর্যন্ত সমাজের বিনাশে অবদান রাখতে পারে। কিন্তু শুধুমাত্র জটিল সমস্যার সমাধান নয় বরং ভবিষ্যতের জন্য আরও নাগরিক-বান্ধব সংস্কারের দাবি জানিয়ে চিলি এবং ল্যাটিন আমেরিকাসহ বিশ্বের বিভিন্ন অংশে সামাজিক ও পরিবেশ আন্দোলন প্রতিষ্ঠিত হচ্ছে।

নব্য-উদারতা এবং বর্তমান প্রবৃদ্ধি মডেলের সংকট কি নতুন পরবর্তী-উন্নতির মডেলগুলির উত্থান ঘটাবে? বিভিন্ন দেশে পর্যবেক্ষিত ডানপন্থী প্রতিনিধি প্রবণতার চিন্তাধারা অন্যদিকে ইঙ্গিত করে বলে ধারণা করা মনে হয়। তারা ইতিমধ্যেই শুরু হওয়া সামাজিক-পরিবেশগত এবং অসম্প্রদায়িক রূপান্তর প্রক্রিয়াগুলিতে একটি প্রতিবাদী শক্তি গড়ে তোলে। কিন্তু এটা ঠিক হতে পারে যে বর্তমান সামাজিক সংকটের পাশাপাশি ডানপন্থী জনপ্রিয় নীতির বিরোধিতার প্রতিক্রিয়া হিসাবে উদ্ভূত বর্তমান সামাজিক ও পরিবেশ আন্দোলন শক্তিশালী হয়ে উঠবে এবং সংহত হবে। উদাহরণস্বরূপ, চিলির শেষ রাষ্ট্রপতি ও সংসদীয় নির্বাচনে ফ্রেন্টে এম্পলিও নামে একটি নতুন বামপন্থী জোট অংশ নিয়েছিল। দুই বছরেরও কম সময়ের মধ্যে এটি ভোটের ২০% লিপিবদ্ধ করে এবং এখন সংসদে প্রতিনিধিত্ব করছে। গতানুগতিক বামের বিপরীতে, এই দলটি রাজনীতি, সমাজ এবং প্রকৃতির নতুন ধারণার উদ্ভব করে।

তবে, অন্যান্য আকর্ষণীয় ঘটনাগুলিও বর্তমানে উত্থাপিত হচ্ছে: চিলি বর্তমানে নতুন বিকল্প ব্যবসা বিকাশের অন্যতম প্রধান দেশ, তথাকথিত "এম্প্রেসাস বি" ("বি কর্পোরেশন" বা "বেনিফিট কর্পোরেশন"), যা উচ্চ সামাজিক এবং পরিবেশগত সচেতনতাসহ একটি তরুণ উদ্যোগী প্রজন্মের দ্বারা চালু হয়েছে। তাদের বাজারের শেয়ার প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। এখন পর্যন্ত, ল্যাটিন আমেরিকা জুড়ে, গৃহীত আন্তর্জাতিক প্রশংসাপত্র মডেলগুলি ফ্যাক্টর যেমন পরিবেশগত ও সামাজিক স্থায়িত্ব, নতুনত্বের সম্ভাব্যতা এবং একটি কোম্পানির কাজের গুণমান হিসাবে বিবেচিত হয়। এই নব্য গতিশীলতা নতুন কর্মচর্চা এবং জীবনধারার উত্থান করে।

২০১৭ সালের শেষ নাগাদ, ল্যাটিন আমেরিকা জুড়ে ৪৫০ টি প্রত্যয়িত "এম্প্রেসাস বি" ছিল যার মধ্যে ১৩০ ছিল চিলিতে। তারা সামাজিক-পরিবেশগত নৈতিকতার ভিত্তিতে তৈরি একটি নতুন গ্লোবাল মুভমেন্ট বি এবং ব্যবসায়িক মডেলগুলির সিস্টেমা বি এর অংশ। জনসাধারণের কল্যাণ, বিদ্যমান বাস্তুতন্ত্রের সাথে মানিয়ে চলার একটি টেকসই উপায়, পুনর্ব্যবহারের অঙ্গীকার এবং জৈব-অর্থনীতির পাশাপাশি সহযোগিতার নতুন রূপ হিসাবে তাদের কার্যকারিতার মূল্যায়ন করা যেতে পারে। এইভাবে জাতীয় সিস্টেমাস বি গঠিত হয় এবং তথাকথিত একাডেমীয়া বি বৈজ্ঞানিক গবেষণার মাধ্যমে তাদের সমর্থন করে। চিলি বর্তমানে অর্থনীতি, উন্নয়ন এবং পর্যটনের উৎপাদন উন্নয়ন কর্পোরেশন (সিওআরএফও) মন্ত্রণালয় এবং অন্যান্যদের কর্মসূচির মাধ্যমে জনগণের প্রশিক্ষণ ও দক্ষ কর্মসংস্থান তৈরির লক্ষ্যে এই উন্নয়নের প্রচার করছে।

২০১৮ সালের শেষ দিকে, দক্ষিণ চিলির পুয়ের্তো মন্ট, পুয়ের্তো ভারাস এবং ফ্রুটিলারে মুভমেন্ট বি'র প্রথম বিশ্ব সভায় ৩০ টি দেশের ১০০০ জনেরও বেশি অংশগ্রহণ করেছিল। এই ধরনের উদ্যোগগুলি গত কয়েক দশকের সাংস্কৃতিক ও রাজনৈতিক পরিবর্তনের ফল। আজকের তরুণ প্রজন্ম স্বাতন্ত্র্য, স্বাধীনতা, তৃণমূল গণতন্ত্র, সৃজনশীলতা ও উদ্যোগ, শ্রদ্ধা, সহনশীলতা, সংহতি এবং পরিবেশগত সচেতনতার মতো সকল মূল্যবোধের কদর করে।

আশা করা যাচ্ছে যে চিলিতে লক্ষিত এই নতুন, টেকসই দৃষ্টিভঙ্গিগুলি রাজনৈতিক দৃষ্টিভঙ্গি অর্জনে অব্যাহত থাকবে এবং ভবিষ্যতে সরকারি কর্মসূচী ও রাজনৈতিক নেতাদের মাঝে এই বিষয়টি প্রতিফলিত হবে। ■

সরাসরি যোগাযোগের জন্যঃ
জর্জ রোজাস হারনেন্ডাস <jrojas@udec.cl>

> পরিবেশভিত্তিক নারীবাদী সমাজবিজ্ঞান

এক নতুন শ্রেনী ভিত্তিক বিশ্লেষণ

আরিয়েল সালেহ, সিডনি বিশ্ববিদ্যালয়, অস্ট্রেলিয়া, আইএসএ-এর প্রতিবেশ ও সমাজ (আরসি ২৪) এবং সামাজিক আন্দোলন, সম্মিলিত কর্মসূচি, ও সমাজ পরিবর্তন (আর সি ৪৮) বিষয়ক গবেষণা পর্ষদের সদস্য

পরিবেশভিত্তিক নারীবাদী (ইকোফেননিস্ট) বিশ্লেষকরা দৈনন্দিন জীবনের ঘাত প্রতিঘাতের (প্রাক্সিসের) মধ্য থেকে বেড়ে উঠেছে, তাই তারা প্রায়শই প্রতিষ্ঠিত এবং উপর থেকে আদিষ্ট রাজনৈতিক মতাদর্শগুলি দ্বারা প্রভাবিত সামাজিক আন্দোলনের জন্য গৃহীত সূত্রগুলিকে সমালোচনা করে। উদাহরণস্বরূপ, ১৯৮০ এবং ১৯৯০ এর দশকে, ইকোফেননিস্টরা "গভীর পরিবেশ" দর্শনের ক্ষেত্রে লিঙ্গ-লিঙ্গ সচেতনতার অভাবের সমালোচনা করেছিলেন। ইকোফিনিনিস্টরা পরিবেশগত লক্ষ্যগুলি শুধু প্রত্যাখ্যান করেছিলেননা; বরং, তারা যুক্তি দিয়েছিলেন যে, গ্রহব্যাপীর সঙ্কটটি মূলত পুঁজিবাদী পিতৃশাসন প্রতিষ্ঠান ও মূল্যবোধগুলির দ্রুততম বিশ্বায়ন পদ্ধতি থেকে উদ্ভূত হয়েছিল। এই কারণে, সঙ্কট সমাধান করার লক্ষ্যে অবশ্যই সিস্টেমকে সমর্থনকারী "পুরুষবাদী অধিকারের সংস্কৃতি" পরিবর্তন করতে হবে। আমেরিকার জার্নাল এনভায়রনমেন্টাল এথিক্সে এক দশক ধরে "ইকোফেমিনিজম / গভীর পরিবেশবিজ্ঞান বিতর্ক" নামে পরিচিত এই বিতর্কটি। একই চেতনা উত্থাপন, পর্যালোচনার মাধ্যমে, পরিবেশগত নারীবাদী তত্ত্ববিদরা মার্কসবাদীদের সঙ্গে বিতর্কে জড়িয়ে পড়েন। গত দশকে, পুঁজিবাদ প্রকৃতি সমাজতন্ত্র, এবং জার্নাল অব ওয়ার্ল্ড সিস্টেম রিসার্চ এবং অন্যান্য জায়গায় নিবন্ধগুলি সমালোচনামূলক সমাজবিজ্ঞান হিসাবে পরিবেশ ভিত্তিক নারীবাদ বিষয়ে জনসাধারণের জ্ঞানের পরিধি বিস্তৃত করেছে। আমার অবস্থান সমসাময়িক বিশ্ব একটি ক্রান্তি লগ্নে উপনীত হয়েছে, এমত পরিস্থিতে আমি একটি নতুন শ্রেণী বিশ্লেষণের সমাজবিজ্ঞানের প্রয়োজন আছে বলে মনে করি। তাই নিচের আলোচনাতে ঐতিহাসিক যাত্রাপথের একটি সংক্ষিপ্ত রূপরেখা দেয়ার চেষ্টা করেছি যাকে আমি "মূর্ত বস্তুবাদ" বলে আখ্যায়িত করেছি।

> মূর্ত বস্তুবাদ

প্রজনন শ্রম প্রতিটি সমাজের ভিত্তি। এই ধরনের শ্রমের অভিজ্ঞতার ক্ষেত্রে, মায়েরা তাদের যত্নের দেহগুলিতে জৈবিক চক্রগুলি বজায় রাখতে শিখতে পারে। একইভাবে, কৃষক ও গোষ্ঠী জমি চক্র এবং পুনরুতপাদন করেন। এই অবৈতনিক শ্রমিকরা বিশ্বব্যাপী অর্থনীতিতে অদৃশ্য, সমাজবিজ্ঞানে যথাযথভাবে স্বীকৃত নন এবং মার্কসবাদি তাত্ত্বিক আলোচনাতে অনুপস্থিত। কিন্তু যুক্তি উপস্থিত করা যেতে পারে যে এখন সময় এসেছে, এই তিনটি শ্রম গোষ্ঠী- মা, কৃষক, এবং সংগ্রহকারীদের - একত্রিত ভাবে তাঁদের জীবনযাত্রার দক্ষতাগুলির কারণে এবং সারা পৃথিবীতে জীবন চলমান রাখার কারণে একটি শ্রেণী হিসাবে বিবেচনা করা যেতে পারে।

পরিবেশগত নারীবাদ বা ইকোফেমিনিজম শব্দটি এমন একটি রাজনীতি বর্ণনা করার জন্য ব্যাপকভাবে ব্যবহৃত হয় যা পরিবেশবাদ ও নারীবাদকে একই সংগ্রাম হিসাবে গণ্য করে। যখন শহুরে এলাকায় এবং গ্রামাঞ্চলের জীবনযাত্রার অবস্থা ঝুঁকিপূর্ণ হয়, তখন এটি আবির্ভূত হয়। নারী বা পুরুষ জীবন নিশ্চিতকরণের শ্রমগুলিতে জড়িত হতে পারে, কিন্তু যেহেতু বিশ্বব্যাপী নারীদের অবস্থান খাদ্য উতপাদক এবং সেবাদান কারি হিসাবে সামাজিকভাবে নির্ধারিত হয়। তাই সাধারণত নারী সম্প্রদায় পরিবেশগত বিষয়ে অ আন্দোলনে অগ্রণী ভূমিকা গ্রহণ করে। অঞ্চল, শ্রেণী, বা জাতিভেদ নির্বিশেষে এই ধরণের হস্তক্ষেপ সর্বজনীন, বলতে হয়। ১৯৭০-এর দশকে প্রতিটি মহাদেশে, দ্বিতীয় বিশ্বযুদ্ধত্বর পুঁজিবাদী ভোক্তাবাদ এবং উন্নয়ন মডেলগুলির ক্ষতির প্রতিক্রিয়া জানানো মহিলাগুলি "ইকোফেমিনিজম" নিয়ে কাজ শুরু করেন। বিষাক্ত দূষণকারী, বিবনয়ন, পারমাণবিক শক্তি বা শিল্পায়ত কৃষির বিরোধিতা, তাদের রাজনীতির মুখ্য বিষয়। তাঁদের রাজনীতি যুগপৎ "স্থানীয়" এবং "বিশ্বব্যাপী"। মারিয়া মিজের মত অনেক জার্মান পরিবেশবিদের তাত্ত্বিক অবস্থান স্পষ্টত রোজা লাক্সেমবার্গের সমাজতান্ত্রিক অবদানগুলির ভিত্তিতে প্রথিত।

১৯৮০-এর দশকেও "নতুন সামাজিক আন্দোলনের" দ্রুত বৃদ্ধি ঘটেছে

>>

কিভাবে "মেটা-শিল্প শ্রম" পরিবেশগত স্থায়িত্ব সঙ্গে অর্থনৈতিক পর্যাপ্ততা অর্জন করেছে তার একটি উদাহরণ। ছবিঃ আরিয়েল সালেহ।

পরমাণু বিরোধী, কালো গোত্রের শক্তি, নারী মুক্তি, আদিবাসী ভূমি অধিকার - এসব ব্যাপারে মার্কসবাদীরা স্বভাবজাত ভাবে সংশয়বাদী ছিল। কট্টর পরিবেশবাদীরা গ্রিন পার্টি এবং টেকনোক্রেটিক পেশাদার দ্বারা পরিচালিত রাজনৈতিক দলে অন্তর্ভুক্ত হয়। উদারতাবাদী ব্যক্তিকেন্দ্রিক রাজনৈতিক মতাদর্শ নারীবাদকে ভিন্ন খাতে প্রভাবিত করেছিল, এবং সমান অধিকারের জন্য রাষ্ট্রের সাথে একক-ইস্যু আলোচনায় পরিণত হয়েছিল। ইকোফেমিনিজমের পরবর্তী পর্যায়টি ১৯৯২ সালের জাতিসংঘ আর্থ সামিটের পরে, যখন প্রকৃতির সুরক্ষার নামে গ্লোবাল উত্তর এর নব- উপনিবেশবাদি নীতিগুলিকে শক্তিশালী করেছিল। এখন বিশ্বব্যাপী এক মাস্টার প্ল্যানের অধীনে বিভিন্ন আঞ্চলিক চুক্তিগুলি আদিবাসী ভূমি কর্পোরেট খনি সংগ্রহের এবং আদিবাসীর ঔষধি উদ্ভিদের কর্পোরেট পেটেন্টিংয়ের পথ খুলে দিয়েছে। বনদনা শিবা ও অন্যান্যদের মতো ইকোফাইনিস্টরা রিও আর্থ সামিটে উপস্থিত ছিলেন এবং তারা সাধ্যমত এই পদক্ষেপগুলির বিরোধিতা করে ছিলেন। পেরুর সমাজবিজ্ঞানী আনা ইসলার মতে, জলবায়ু পরিবর্তন সম্পর্কিত জাতিসংঘের ফ্রেমওয়ার্ক কনভেনশন শক্তিহীনদের কাছ থেকে অতিরিক্ত ছাড় আদায় করে। সিয়াটেলের যুদ্ধের মাধ্যমে বিংশ শতাব্দীর যবনিকা টেনেছিল, যেখানে একটি আন্তর্জাতিক তৃণমূল বিদ্রোহ বিশ্ব বাণিজ্য সংস্থার মুখোমুখি হয়েছিল। বিশ্বায়নের বিকল্পের জন্য সাধারণ মানুষের এই আন্দোলনকে নিয়ে এক বৃহত্তর ও ব্যাপক আন্দোলন ২০০১ সালে প্রথম বিশ্ব সামাজিক ফোরাম হিসাবে আত্মপ্রকাশ করে।

> বিশ্বায়নঃ বি- উপ্নিবেশবাদ

নব্য উদারনিতিকেন্দ্রিক মুক্ত বাণিজ্য সম্প্রসারণের ফলে বিশ্বের মহানগরী বা ধনী রাষ্ট্র থেকে শ্রমিক শ্রেণীদের কাজের একটা বড় অংশ অফশোর বা গ্লোবাল সাউথে কম মজুরি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলগুলিতে পাঠিয়ে দেয়।এর ফলে, ধনী রাষ্ট্রের শ্রমিকরা হতাশ হয়। কিন্তু গ্লোবাল সাউথে অনেকের কাছে এটা একটি ইতিবাচক কর্মসূচী ছিল তার একটি ছিল ঔপনিবেশিকতা বিরোধী ভূমিকা। ব্রাজিলে, একটি গতিশীল ভূমিহীন কৃষক (ল্যান্ডলেস পিপলস) আন্দোলন প্রতিবেশ-বান্ধব গ্রাম এবং খাদ্য সার্বভৌমত্ব সম্পর্কে কথা বলা শুরু করেছিল। ইকুয়েডরের এক্সিওন ইকোলজিগা নামক একটি মহিলা সংগঠন ৫০০ বছর দীর্ঘ ধরে প্রাকৃতিক সম্পদগুলির ঔপনিবেশিক চুরির বর্ণনা দেওয়ার জন্য "পরিবেশগত ঋণ" ধারণা আবিষ্কার করেছিলেন; বিশ্বব্যাংকের বিকাশ ঋণের আধুনিক লুণ্ঠন; এবং অর্থনৈতিক শোষণের ফলে জীবিকার অব্যাহত অবনতি কথা তুলে ধরে। ২০১০ সালের কোচবাম্বা পিপলস ক্লাইমেট সামিটে স্থায়িত্বমুখী বা টেকসই উন্নয়নসহ সুবিচারের বৈশিষ্ট্যটিও তুলে ধরা হয়েছিল, যা আরোপিত সমৃদ্ধির অধীনে জীবন নষ্ট করার উন্নয়নের বিকল্প হিসাবে দেশজ জীবন যাপনের উপায়গুলি উপস্থাপন করে। অগ্রগতির সঙ্গে শিল্পায়নের যে সমীকরণ তাকে প্রশ্নবিদ্ধ করা হয়েছিল।

২০০৮ সালের অর্থনৈতিক মন্দার পরে বিশ্বব্যাপী সচেতন যুবকরা অকপাই আন্দোলন শুরু করে, ওয়াল স্ট্রিট স্টক এক্সচেঞ্জের কাছে শিবির স্থাপন করে পুঁজিবাদী শ্রেণীর বিরুদ্ধে প্রতিবাদী কর্মসূচি স্থাপন করে; জার্মানিতে, তারা ফ্রাঙ্কফুর্ট এলাকার ব্যাংক গুলোর বিরুদ্ধে অবরোধ গড়ে তোলে। ইউরোপীয় ইউনিয়নের কঠোর ব্যয় সঙ্কোচন কর্মসূচির বিরোধিতা করে ভূমধ্যসাগরীয় রাষ্ট্রগুলিতে জীবনমুখী "প্রজনন মূল্যবোধ" ভিত্তিক আরেকটি রাজনীতির অবতারণা করা হয়। স্পেন এর ইন্দিগ্নাদ আন্দোলন বিভিন্ন ধরনের স্থানীয় এলাকা ভিত্তিক স্ব-নির্ভর অর্থনীতির প্রস্তাবনা দেয়। ২০১২ সালে রিও + ২০ এ, ব্যবসা গ্রুপ, রাজনীতিবিদ এবং জাতিসংঘ পরিবেশ কর্মসূচী তাদের গ্রিন নিউ ডিল প্রস্তাবকে ন্যানো টেক জৈব অর্থনীতির জন্য জন সংযোগ হিসেবে ব্যবহার করেছে; এবং আবার পরিবেশভিত্তিক নারীবাদীরা তাদেরকে চ্যালেঞ্জ করেছে। পরবর্তীতে, শিক্ষাবিদরা অ-উন্নয়ন বা অ-প্রবৃদ্ধি নিয়ে আলোচনার জন্য লিপজিগ এবং বুদাপেস্টে জড়ো হয়েছিলেন। যদিও ভেরোনিকা বেনহোল্ড-থোমসেনের মতো ইকোফেমিনিস্ট এবং জীবনধারণের জন্য নুন্যতম প্রয়োজন অর্থনীতি চিন্তাবিদদের পোস্ট-ডেভেলপমেন্ট দৃষ্টিভঙ্গি তখনো স্বীকৃত হয় নি। আজ রোজা-লাক্সেমর্গ-স্টিফংং, একটি জার্মান প্রগতিশীল উন্নয়ন সহায়ক প্রতিষ্ঠান, পরিবেশভিত্তিক নারীবাদ ও অন্যান্য সম্প্রদায় ভিত্তিক রাজনীতি যেমন দক্ষিণ আমেরিকার বুয়েন ভিভির, দক্ষিণ আফ্রিকার উবুন্টু এবং ভারতের স্বরাজ এর একত্রিতকরণ নিয়ে পরীক্ষা করছে।

পরিবেশভিত্তিক নারীবাদ নিয়ে একটি ব্যাপক বইপত্রের তালিকা রয়েছে যা অনেক বিশ্ববিদ্যালয়গুলিতে পড়ানো হয়, এবং পুঁজিবাদী পুরুষতান্ত্রিক সংস্কৃতির অধীনে কিভাবে, প্রকৃতিকে পণ্যজাত করা হয় অনেকটা নারী শ্রমিকের দেহ কে পন্যজাত করার মত। প্রকৃতি মাতা নিয়ে যে ঐতিহ্যগত আলোচনা তা শুধুমাত্র একটি রূপক নয়, তার চেয়ে অনেক বেশি বাস্তব মুখী হয়ে উঠেছে। গ্রেটা গার্ড উল্লেখ করেছেন যে, এখন নিরামিষবাদের এবং প্রাণিজগতের প্রতি সমবেদনামূলক নৈতিকতা ইকোফেমিনিস্ট নেটওয়ার্কগুলির মধ্যে আলোচিত হয় এবং এ সব নিয়ে নিয়মিত আন্তর্জাতিক সভা অনুষ্ঠিত হয়। আফ্রিকার নারীরা যাদের দৈনন্দিন জীবিকা তাদের গ্রামের কাছে খনির দ্বারা হুমকির সম্মুখীন, তারা জলবায়ু পরিবর্তনের উপর একটি মহাদেশীয় পরিবেশ সংরক্ষণ আন্দোলন নেটওয়ার্ক স্থাপন করেছে। মার্কিন যুক্তরাষ্ট্রে অ্যাপল্যাচিয়ান মায়েরা কয়লা শিল্পের মাধ্যমে পর্বতের শীর্ষভাগ অপসারণের বিরুদ্ধে সরাসরি পদক্ষেপ নেয়। পরিবেশ সংরক্ষণ ও স্বনির্ভরতার জন্য ভারতের নবদানিয়া স্কুল "ব্যাংক" প্রথাগত বীজকে ফার্মাসিউটিক্যাল পেটেন্টিং থেকে বাঁচানোর জন্য সংরক্ষণ করে। সিচুয়ান, চীনে, মহিলা কৃষকরা শতাব্দী পুরনো জৈব কৌশল পুনরুজ্জীবিত করে মাটির উর্বরতা পুনরুদ্ধার করে থাকেন। এবং লন্ডনে, গৃহবধূরা শতাব্দীর অপব্যবহারের থেমস নদীর জলাধার মেরামত করার জন্য তাদের সময় দেন।

> মানুসকেন্দ্রিকতাঃ পরিবেশকেন্দ্রিকতা

যখন সামাজিককর্মীরা বা আইএসএ আরসি 48 এর সমাজবিজ্ঞানীরা বলবেন, প্রজনন সম্পর্কিত যুক্তি কীভাবে প্রতিবেশ, শ্রমিক, নারী এবং আদিবাসী আন্দোলনকে একত্রিত করে তা তাঁরা দেখতে পাচ্ছেন না, সেখানে একটি বিধ্বংসী একক সমস্যা "পরিচয়কেন্দ্রিক রাজনীতি" বা "আইডেন্টিটি পলিটিক্স" ঘটবে, যেখানে একটি গোষ্ঠীর অধিকারের বিরুদ্ধে অন্য গোষ্ঠীকে দাঁড় করান হয়। এই ধরনের সীমাবদ্ধ সমাজতাত্ত্বিক কল্পনা পশ্চিমা মানুসকেন্দ্রিক সনাতন দ্বৈতবাদের একটি অভিব্যক্তি যেখানে "মানবতা" বনাম "প্রকৃতির" দ্বিত্বটা একটি প্রথাগত "সাধারণ জ্ঞান"-এ পরিণত হয়েছে, যা প্রত্যেক নতুন প্রজন্মের সামাজিকীকরণের মাধ্যমে টিকে থাকে।

দুর্ভাগ্যবশত, বৈশ্বিকীকরণের চাকাগুলি এখনও অ্যারিস্টটলের "মহান চেন অব বিং" জাতীয় আধিপত্য মূলক যুক্তি দ্বারা পরিচালিত, যেখানে প্রাচীন দেবতা, রাজারা এবং পুরুষরা প্রকৃতি, মহিলা, এবং সাধারণ

>>

জনের উপর আধিপত্যের ক্ষমতা রাখে। শতাব্দী ধরে পুরাতন অ্যারিস্টটলিয়েন মন্ত্রের আলোকে ইতিহাসের বিবর্তনকে গঠন করা হয়েছে যেখানে নারী ও পরাজিত ক্রীতদাসগুলি নিছক বস্তু হয়ে উঠছে। ধর্ম ও আইন, অর্থনীতি ও বিজ্ঞান এই সব ইউরোপকেন্দ্রিক প্রতিষ্ঠানগুলি "পুরুষ অধিকার" প্রদানের জন্য তৈরি করা হয়েছে। বর্তমানকালের উদারপন্থী ও সমাজতান্ত্রিকদের জন্যও এই মানসিকতা ও চিন্তাধারা বিরাজমান। ইকোফেমিনিস্ট ও বিজ্ঞানের ইতিহাসবিদ ক্যারোলিন মার্চেন্টের মতে, এনলাইটমেনট চিন্তা মানবদেহ এবং প্রকৃতিকে মেশিনগুলির মতো মনে করে যার অঙ্গ গুলো বৈজ্ঞানিক সূত্র দ্বারা নিয়ন্ত্রিত। এই জীবন বিচ্ছিন্ন সংস্কৃতি পুঁজিবাদের কার্যকারিতার জন্য অপরিহার্য এবং এর আলোকে কোনও কোনও আইএসএ আরসি২৪ পরিবেশগত আধুনিকতাবিদ সমাজবিজ্ঞানিরা বিশ্বাস করেন যে প্রযুক্তিগত উদ্ভাবন পরিবেশ সংরক্ষণ করতে পারবে। যাইহোক, স্বয়ংক্রিয় ভবিষ্যত বস্তুবাদ পরিপন্থী ("ডিমেটিরিয়ালাইজ") স্থায়ীত্ব বা ন্যায়বিচার নিশ্চিত করবে না। একইভাবে, বৃত্তাকার (সার্কুলার) অর্থনীতির প্রচেষ্টা বা নারীবাদী অর্থনীতিবিদদের দ্বারা যত্নের পরিশ্রমের রূপান্তর ইত্যাদি ধনতান্ত্রিক যুক্তি দ্বারা পরিচালিত হয়।

পরিবেশগত সংকটের সময়ে জনগণকে পরিবেশ-কেন্দ্রিক ফ্রেমওয়ার্কের ভিতরে চিন্তা করতে হবে। যখন এই বিষয়টি সমাজবিজ্ঞানের শিক্ষকের জন্য একটি চ্যালেঞ্জ হয়ে দাঁড়ায়, প্রগতিশীল ছাত্ররা প্রায়শই রাজনৈতিক পরিবেশ বা এমনকি মানব ভূগোলের দিকে যুকে পড়ে। আধুনিকতাবাদী পেশাদারগণ আদিবাসীদের জ্ঞানতত্ত্ব ও পরিবেশ-কেন্দ্রিকতা (ইকো-সেন্ট্রিজম) থেকে অনেক কিছু শিখতে পারেন এবং নারীদের কাছ থেকে পাওয়া জৈব যত্নশীল শ্রমের অভিজ্ঞতার ভিত্তিতে বিশ্লেষণ করতে পারেন। "মানবতা" বনাম "প্রকৃতি" এর আলোচনা (ডিসকোর্স) বাম, এবং বিশেষ করে আধুনিকতা-উত্তর (পোস্ট-মর্ডান) নারীবাদীদের রাজনৈতিক কর্মী হিসাবে এই প্রান্তিক প্রজনন শ্রম শক্তিকে গুরুত্ব সহকারে গ্রহণ করতে বাধাগ্রস্থ করেছে। ইকোফেমিনিস্টরা বিরুদ্ধে বাম পন্থিদের স্বাভাবিক অভিযোগ হল এই যে তাঁরা নারীর রাজনৈতিক অন্তর্দৃষ্টিগুলিকে জন্মগত প্রাপ্ত "নারীর আত্মজ" বলে মনে করেন যা কিনা সম্পূর্ণ অর্থহীন। ইকোফেমিনিস্ট উপলব্ধিগুলির উৎসগুলি এককভাবে জৈবিক অঙ্গ নয়, অর্থনৈতিক কাঠামো নয়, সাংস্কৃতিক মূল্যবোধ ও নয়, যদিও এই সমস্ত বিষয় গুল মানব কর্মকে প্রভাবিত করে। পরিবর্তে, ইকোফেমিনিস্ট জ্যানতত্ত্ব মহিলাদের শ্রমের মধ্যে প্রথিত; যা কিনা তাঁদের বস্তুগত বিশ্ব-এর মিথস্ক্রিয়া দ্বারা জীবনবোধ এবং দক্ষতা তৈরি ও পুনর্নির্মাণের ক্ষেত্রে একটি ভূমিকা রাখে। যারা শিল্প রুটিনগুলির বাইরে স্বতঃস্ফূর্তভাবে নিরপেক্ষ কাজ করে, যেমন সেবাদান কারী, কৃষক, সংগ্রহক গোষ্ঠী, তাদের সংবেদনশীল ধারণার সাথে যোগাযোগ করে সমাজ ও প্রকৃতির একটি অন্যটির সাথে কীভাবে সম্পর্কিত হয় সে সম্পর্কে আরো সঠিকভাবে অনুরণামূলক মডেলগুলি তৈরি করতে সক্ষম হয়।

> পুনরুৎপাদক শ্রম

এই ইকো-সেন্ট্রিক শ্রমিক শ্রেণীর সময়কাল বা ফ্রেম আন্তঃপ্রজন্মিয়, সেজন্য এ ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। এখানে মাপকাঠি ঘনিষ্ঠ, প্রকৃতির সাথে প্রকৃতির, বা মানব দেহ-প্রকৃতির, প্রকৃতি-স্থান স্থানান্তর কর্মীদের প্রতিক্রিয়া সর্বাধিক। এখানে বিচার বিবেচনা নির্ভর করে বিশেষজ্ঞ গবেষকের মূল্যায়নের উপর যা কি না জন্ম থেকে মৃত্যু এবং পরীক্ষা নিরিখার মাধ্যমে অর্জিত। প্রজাতি বা বয়সের বিভিন্ন চাহিদাগুলি সুষম এবং সমন্বয়যুক্ত। যেখানে গার্হস্থ্য ও জীবিকা অর্থনীতিগুলি সমান্তরাল সমস্যা সমাধান করার অনুশীলন করে এবং বহুমুখী -মাপদণ্ড ব্যবহার করে সিদ্ধান্ত গ্রহণ করে। এটা সাধারণ ধারণার ব্যাপার। যখন মানসিক এবং কায়িক দক্ষতার মধ্যে কোন বিভাজন থাকে না, তখন দায়িত্ব স্বচ্ছ হয়; শ্রমজাত পণ্য শ্রমিক থেকে বিচ্ছিন্ন হয় না, যা পুঁজিবাদের চরিত্র, বরং অন্যদের সাথে ভাগা ভাগি করে নেওয়া হয়। এখানে উৎপাদনের রৈখিক যুক্তির বিপরীতে একটি বৃত্তাকার যুক্তির প্রজনন অর্থনীতির সৃষ্টি হয়। প্রকৃতপক্ষে, এই ভাবে সামাজিক প্রতিবিধান একযোগে লোকজ বিজ্ঞান এবং সরাসরি রাজনৈতিক কর্মকাণ্ডের বহিঃপ্রকাশ ।

পরিবেশসম্মত নারীবাদ দ্বন্দ্বমূলক রাজনীতি, জীবিকা, দক্ষ কাজ, সংহতি, সাংস্কৃতিক স্বায়ত্তশাসন, যৌন-লিঙ্গ সচেতনতা, শিক্ষা, ক্ষমতায়ন এবং আধ্যাত্মিক পুনর্নবীকরণকে উৎসাহিত করে। একটি বর্তমান উদাহরণ ইকুয়েডরের নাবনের উন্নয়ন দ্বারা ধ্বংসপ্রাপ্ত পাহাড়গুলির মাদের এবং দাদীদের মধ্যে পাওয়া যেতে পারে। দূরদর্শিতা এবং সৃজনশীলতার সাথে, এই স্ব-শাসক নারীরা পুরাতন পানির চলাচল ও প্রবাহগুলি পুনরুদ্ধারের মাধ্যমে ক্ষয় নিয়ন্ত্রণ, জল সংগ্রহ, মাটির উর্বরতা এবং খাদ্য সার্বভৌমত্ব অর্জন করেছে। এর মাধ্যমে তারা বিশ্ব জলবায়ু সংকট নিরসনের জন্য তাদের ক্ষুদ্র ভূমিকা পালন করেছে। আন্তর্জাতিক কৃষক ইউনিয়ন ভিয়া ক্যাম্পেসিনাও জোর দিয়ে বলেন, "আমাদের ছোট আকারের প্রতিবিধান পৃথিবীর জল বায়ু কে ঠাণ্ডা করে।"

প্রজননমূলক অর্থনৈতিক কর্মকাণ্ড সম্পর্কীয় "জ্যান অর্জনের উপায়" তৈরি করে, যা পশ্চিমা যন্ত্রগত যুক্তির যান্ত্রিক সহিংসতাকে প্রতিহত করে। যদি চরমপন্থী রাজনীতি যত্ন-শ্রম দ্বারা পরিচালিত না হয়, এটি সহজেই পশ্চিমা আলোকিত অর্থনীতির দিকে ফিরে যাবে যা পৃথিবীকে এবং তার জনগণকে প্রবৃদ্ধিমুখী অর্থনীতির জন্য সীমাহীন সম্পদ হিসাবে গণ্য করবে। একদিকে যেমন আধুনিক শিল্পের রৈখিক যুক্তির ফলশ্রুতিতে প্রকৃতির সঞ্চালনার মধ্যে আঘাত হানবে, যার ফলে বিশৃঙ্খলা ও এনট্রোপি সৃষ্টি হবে, অন্যদিকে, অধি- শিল্পায়নকারীরা (মেটা ইনডআসট্রিআলিসট) জীবিত প্রক্রিয়াগুলির পালনকারী হিসাবে নীরব জ্ঞানতত্ত্ব সৃষ্টি করেন যেখানে এক বিকল্প সৃজনশীলতার রূপ প্রকাশ পায় । এ ধরনের শ্রমকে, ধনতান্ত্রিক ব্যবাস্থা আভ্যন্তরীণ এবং ভৌগোলিক উভয় প্রান্ত থেকে অবাধে ভোগ করে, প্রকৃতপক্ষে এটা পুঁজিবাদী উৎপাদন পদ্ধতির পূর্বশর্ত। অর্থাৎ শ্রমিকশ্রেণীর এই অনন্য বর্গটি "পুঁজিবাদের ভিতর" বিদ্যমান থাকে যখন তার কার্যকলাপ অতিরিক্ত মূল্যের ভর্তুকি দেয়; আবার প্রজনন ব্যবস্থাটি "পুঁজিবাদের বাহিরে" বিদ্যমান, যা নিজের জন্য পর্যাপ্ত। আমার শব্দ "মেটা" একটি মৌলিক ফ্রেম বোঝায়, যা সহায়ক ক্রিয়াকলাপকে তাঁদের নিজ জায়গায় রাখে।

প্রতিবেশ-পর্যাপ্ত অর্থনীতিগুলি অন্যদের দেহের শোষণ করে খরচ বহির্ভূত করে না, তারা বর্জ্যকে "দূষণ" হিসাবেও বহিষ্কার করে না । যে পুনরুৎপাদক শ্রম দক্ষতা একটি টেকসই বৈশ্বিক ভবিষ্যতের জন্য অপরিহার্য এবং অসাধারণ সত্য যে এটি ইতিমধ্যে বিশ্বব্যাপী সংখ্যাগরিষ্ঠ শ্রমিকরা অনুশীলন করেন। এই স্বীকৃতিটি অধি-শিল্প শ্রেণিকে এক বিশাল কৌশলগত ক্ষমতা অর্পণের মাধ্যমে আন্তর্জাতিক রাজনৈতিক অঙ্গনে এক ঐতিহাসিক ভূমিকা দেয়। সনাতনী সমাজতান্ত্রিক চিন্তায় শোষণমূলক "উৎপাদন সম্পর্ক" কে বেশি গুরুত্ব দেয়া হয়েছে। যদিও এটি খুবই গুরুত্বপূর্ণ কারণ, কিন্তু "প্রজনন সম্পর্কিত সম্পর্ক" কে অনেকটা পাশ কাটানো হয়েছে। তবে এটা বলা প্রয়োজন যে, মার্ক্সের লেখাগুলিতে কিছু বিষয় উল্লেখ রয়েছে যা "মেটা-শিল্প শ্রম" শ্রেণী, বলে বিবেচিত হতে পারত যদি তাঁর মানবিক চিন্তাধারা একটু কম পিতৃতান্ত্রিক এবং ইউরোকেন্দ্রিক হত। ■

সরাসরি যোগাযোগের জন্যঃ
আরিয়েল সালেহ <ariel.salleh@sydney.edu.au>

> ব্রাজিল ২০১৮:
মধ্যবিত্ত শ্রেণির ডানপন্থী প্রত্যাবর্তন

লেনা লভিনাস, ব্রাজিলের ফেডারেল ইউনিভার্সিটি অফ রিও ডি জেনেইরো এবং **গুইলহার্মে লেইতে গনকাল্ভস**, রিও ডি জেনিরো স্টেট ইউনিভার্সিটি, ব্রাজিল

২০১৮ সালের ফেব্রুয়ারী থেকে রিও ডি জেনেইরো রাস্তায় ভারী সামরিক ও পুলিশ উপস্থিতি জীবনের স্বাভাবিক অংশ হয়ে উঠেছে। ছবিঃ ইবিসি - এম্প্রেস ব্রাসিল ডি কমুনিকাসাও/এজেনসিয়া ব্রাসিল। ক্রিয়েটিভ কমন্স।

ল্যাটিন আমেরিকায়, ১৯৮০'র দশকে সামরিক একনায়কতন্ত্রের ইতি ঘটে, যা কয়েক দশক ধরে সামাজিক পরিবর্তনের শক্তিকে চাপিয়ে দিয়েছে। কিন্তু যখন গণতন্ত্রের রূপান্তর নাগরিকত্বের আনুষ্ঠানিক বৃত্তকে সম্প্রসারিত করে, এটি অর্থনৈতিক সংকট এবং অভিজাত চুক্তিকেও দেখিয়েছে। ব্রাজিলে ক্রমানুযায়ী ও নিরাপদ স্থানান্তর মেনে চলেছেন দ্বিতীয় থেকে শেষ সামরিক সভাপতি, আর্নেস্টো জিসেল অন্তরভুক্ত করেছিলেন এই অসঙ্গতি। অ্যামনেস্টি আইন, একটি চুক্তি যা রাজনৈতিক ও অর্থনৈতিক নেতা ও সামরিক বাহিনীর মধ্যে হয়েছে, নির্যাতিত অত্যাচারিতদের ও নিখোঁজদের পরিবারদের ছেড়ে দেয়। আর্জেন্টিনা, বলিভিয়া, চিলি, গুয়াতেমালা, পেরু, এবং উরুগুয়ে এর মত দেশে, অনুরূপ চুক্তি করা হয়, নির্যাতিতদের কারাদণ্ডের মাধ্যমে এবং, কিছু ক্ষেত্রে, রাষ্ট্রের সাবেক প্রধানদের। ব্রাজিলে দা ট্রুথ কমিশন (২০১১-২০১৪) নীতিমালাতে রাষ্ট্রীয় সহিংসতা স্মরণ করানোর চেষ্টা করেছিল, কিন্তু তাঁর সুপারিশ একটি নির্লক্ষ্য পত্র রয়ে গেছে।

সীমাবদ্ধতা সত্ত্বেও, ব্রাজিল এর পুনরায় গণতান্ত্রিকীকরণ তৈরি করে বৃহত্তর রাজনৈতিক অংশগ্রহণের জন্য ক্ষেত্র। মধ্যবিত্ত শ্রেণী সুশীল সমাজ পুনর্বিন্যাসে মৌলিক ভূমিকা পালন করে। বিরোধী বর্ণবাদীদের বিরুদ্ধে, নারীবাদী নীতি। এগুলো ১৯৮৭ সালের সংবিধান পরিষদের সময়ও গুরুত্বপূর্ণ ছিল এবং একনায়কতন্ত্রের ইতি নির্বাচনের মাধ্যমে নিশ্চিত করে। ১৯৮৯ সালে মধ্যবিত্ত শ্রেণীর শ্রমিকদের পক্ষে ওয়ার্কার্স পার্টির (পিটি) মনোনীত প্রার্থী ছিলেন, লুই ইগ্নাতিয়ুস লুলা দা সিলভা, যখন বিজয়ী প্রার্থী, ফার্নান্দো কলর ডি মেলো, প্রতিনিধিত্ব করেন সামরিক শাসনের মাধ্যমে উচ্চবিত্তদের সুযোগ সুবিধা। যখন কলারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠল, ১৯৯২ সালে মধ্যবিত্ত শ্রেণি ব্যাপকভাবে সংগঠিত হয় ব্রাজিলের প্রথম নবনির্বাচিত রাষ্ট্রপতির পক্ষে।

১৯৯০ এর দশকে মধ্যবিত্ত শ্রেণী লুলাকে সমর্থন করে, যিনি ফার্নান্দো হেনরিক কার্ডডোও এর কাছে হেরে যান ১৯৯৪ ও ১৯৯৮ সালে। ১৯৯৪ সালে, লুলার অধিকাংশ ভোট এসেছিল সে সকল মানুষ থেকে যারা দুই এবং দশ ন্যূনতম মজুরি উপার্জন করে, এবং সবচেয়ে শিক্ষিতদের থেকে। কার্ডডোও এর শক্তিশালী সমর্থন এসেছিল আয়ক্ষেত্রের সর্বোচ্চদের থেকে। ১৯৯৮ সালে, কার্ডডোও সর্বোচ্চ ভোট পান সকল আয় বন্ধনী ভেদ করে জেতেন ন্যূনতম শিক্ষিতদের সুযোগ সুবিধা দান করে। লুলা, এদিকে, সর্বোচ্চ শিক্ষিতদের মধ্যে ভাল করার চেষ্টা করেন।

কার্ডডোও এর যুগকে আর্থিক স্থিতিশীলতার নীতি দ্বারা চিহ্নিত করা হয়েছিল, সম্পূর্ণ ব্যক্তিগতকরণ, এবং আর্থিক কঠোরতা ও এটি ব্রাজিলকে একটি মন্দার মধ্যে ফেলে দেয়। অর্থনীতির পুনর্গঠন মধ্যবিত্ত শ্রেণির মধ্যে একটি বিশৃঙ্খলা স্থাপন করে, ঐতিহ্যগত পেশার বিলুপ্তির চাপে, আমদানি-প্রতিস্থাপন মডেলের বর্ধনের জন্য (যা প্রযুক্তিগত ও আমলাতান্ত্রিক অবস্থান প্রসারিত ছিল), মজুরি হ্রাস, এবং ভাল কাজের সুযোগের অভাব।

মধ্যবিত্ত শ্রেণির সামাজিক অবস্থানের অবনতির কারণে তাদের সমর্থন ছিল ২০০২ সালের নির্বাচনে লুলার সম্বল, তাদের ভোটের ফলে প্রথম শ্রমিক ব্রাজিলের রাষ্ট্রপতি হতে সক্ষম হয়। ২০০৬ সালের মধ্যে, লুলা মধ্যবিত্তের সমর্থন হারাতে শুরু করে। সেই নিম্নমুখী প্রবণতা আরও খাড়া হয় ২০১০ ও ২০১৪ সালে, যখন শ্রমিক দলের মনোনীত প্রার্থী দিলমা রুসেফ (যিনি দুটি ইলেকশন জেতেন) ছিলেন। ধীরে ধীরে কিন্তু নিশ্চিতভাবে, মধ্যবিত্ত ভোটাররা ডানপন্থী হয়ে যাচ্ছিল।

> লুলা / দিলমা যুগে স্বপক্ষে-বাজার সম্প্রসারণ

অর্থনৈতিক মন্দা ও সংকোচন বৃদ্ধির মধ্য দিয়ে ২০০৩ সালে লুলা রাষ্ট্রপতিত্বে আরোহণ করেন, যদিও আর্থিক স্থিতিশীলতা "প্লানো রিয়েল" পেয়েছিল। দেশের অনেক প্রশংসিত বিজয় মুদ্রাস্ফীতির জন্য দারিদ্র্য ও বৈষম্য হ্রাসে ব্যর্থ হয় এবং মধ্যবিত্তের জন্য সামাজিক গতিশীলতা বাড়িয়ে তুলে।

>>

লুলার প্রথম মেয়াদে (২০০৩-২০০৬) অর্থনৈতিক পুনরুদ্ধার তার দ্বিতীয় মেয়াদে (২০০৭-২০১০) আরও শক্তিশালী হল। প্রাথমিকভাবে, পণ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি রপ্তানিকে সমর্থন করে এবং বৃদ্ধি ঘটে। এগুলো আনুষ্ঠানিক কর্মসংস্থানের উল্লেখযোগ্য সম্প্রসারণ এবং গড় আয় বৃদ্ধিতে উল্লেখযোগ্য। ন্যূনতম মজুরি ৭০% এরও বেশি প্রকৃত লাভ দেখে, যা মুদ্রাস্ফীতি থেকে অনেক অগ্রসর।

সমান্তরালে, দারিদ্র্যতা যুদ্ধের প্রোগ্রাম নিশ্চিত করে একটি পরিমিত, কিন্তু ১৪ মিলিয়ন পরিবারের জন্য স্থায়ী সুবিধা। আর্থিকভাবে নতুন পন্থায় অধিগমন একটি অসাধারণ আর্থিক প্রক্রিয়ার শুরু হয়। বিশ্ববিখ্যাত "বসলা ফামিলিয়া" প্রোগ্রামটি সফল হয় কেননা সমাজের সবচেয়ে ঝুঁকিপূর্ণ সেক্টরের নগদীকরণের বাজারে উতসাহিত হওয়ার ফলে প্রোগ্রামটি অবিকল উপরে উঠে এসেছে।

একই সময়ে, বেসরকারিকরণ প্রক্রিয়া গৃহীত হয়। স্বাস্থ্যসেবা বেসরকারিকরণের সাথে নাগরিক স্বাস্থ্যসেবা এর আওতায় আনা হয় এবং বেসরকারি খাতের জন্য বিস্ময়কর চাহিদা দেখা দেয়। উচ্চশিক্ষার ক্ষেত্রে, শিক্ষার্থীরা সরকারি থেকে বেসরকারি প্রতিষ্ঠানে যাওয়া শুরু করলঃ ২০১৫ সালের মধ্যে, ৭৫% শিক্ষার্থীরাই বেসরকারি প্রতিষ্ঠানে চলে গেল। ছাত্র ঋণ দেওয়ার পরিমাণ বৃদ্ধি পেলঃ ৫১% অক্ষম হল (প্রায় ৫ বিলিয়ন মার্কিন ডলারের মত), এবং সেই দলের মধ্যে, অর্ধেকেরও বেশি মানুষের অর্থ পরিশোধের কোন উপায় নেই।

রেকর্ড পর্যায়ে তৈরি পণ্যগুলির বাস্তব আমদানির অতিরিক্ত মূল্যায়ন, এবং অবশেষে শিল্পখাতে কম আয় হয়। ওয়ার্কার্স পার্টি উত্তরাধিকারসুত্রে পায় প্রাথমিকক্ষেত্রে নবায়নযোগ্য কেন্দ্র, শুধুমাত্র কাঁচামাল জন্য উচ্চ বৈশ্বিক চাহিদা দ্বারা অনুপ্রাণিত হয়ে নয়, শাসক জোটের কৃষিশিল্পে ঘনিষ্ঠ জোট থাকায়।

দিলমা প্রশাসনের(২০১১) প্রথম বছরে অর্থনৈতিক প্রবৃদ্ধি শুরু হয়েছে। "নতুন মধ্যবিত্ত শ্রেণির" অসন্তোষের কলতানে মুখরিত হল দিক, "নতুন মধ্যবিত্ত শ্রেণির"- শব্দের মধ্য দিয়ে বোঝানো হয় সমাজ বাধা ডিঙ্গিয়ে গতিশীল হবে, নিম্নআয়ের মানুষকে মধ্যবিত্ত শ্রেণীর মত ভক্ষণ করার অনুমতি দিয়ে। তারপর এলো জুন ২০১৩, একটি স্বতঃস্ফূর্ত আন্দোলন ভাল পরিবহন ব্যবস্থা, স্বাস্থ্যসেবা, শিক্ষা, এবং হাউজিং দাবি নিয়ে।

এই প্রক্রিয়া আরও ভালমতো বোঝার জন্য, মনে রাখা দরকার যে যখন আয় বেড়েছিল, এবং পণ্যদ্রব্যের দাম কমে গেছে ২০০৬ থেকে ২০১৩ সালে, শিক্ষা, স্বাস্থ্যসেবা, ডে কেয়ার, এবং বয়স্ক যত্নের ব্যয়, গড় মুদ্রাস্ফীতি এবং বেতনকে ছাড়িয়ে যায়। যখন সহজে উপলব্ধ কিন্তু ব্যয়বহুল খরচ সন্তুষ্ট করে, একের পর এক আরও বেশি করে ঋণের শিকার হয়ে পড়ছিল, যা তাদের আয়ের হিংস্রভাগ গোগ্রাসে নিয়ে নেয়। আজ ব্রাজিলের প্রায় ৬৩ মিলিয়ন প্রাপ্তবয়স্করা আর্থিক খাতে অক্ষমরূপে রয়েছে।

> মধ্যবিত্ত এবং ফার রাইট

ঋণের মধ্যে নিমগ্ন হয়ে, পুনরায় গণতান্ত্রিকীকরণের পর স্বপক্ষ-বাজার সম্প্রসারণের ক্রমবর্ধমান পর্যায়ে দ্বন্দ্বের মধ্য দিয়ে মধ্যবিত্ত শ্রেণি নিরুৎসাহিত হয়েছে। ভাল দিনগুলোর বৈশিষ্ট্যগুলোই এখন তাদের অসঙ্গতিতে ফেলে দিয়েছে, রাজনৈতিক প্ল্যাটফর্মের সাথে অস্থিরতা এবং দূরবর্তী অধিকারের জন্য অপহরণ হতেও তারা প্রস্তুত।

এই সমস্যা মোকাবেলা করতে প্রথম উপাদান হিসেবে সামরিক একনায়কতন্ত্রে ফিরে যাওয়া ভাল মনে হয়েছে, এবং সেই সময়কে ভাল সময় হিসেবে আখ্যা দেওয়া হয়েছে ব্রাজিলিয়ান ইতিহাসে। এটি এই সময়কালের রাষ্ট্রীয় সহিংসতার মধ্যে চারপাশে নীরবতার নীতি দ্বারা উৎসাহিত হয়, পুনরায় গণতান্ত্রিকীকরণের সময় অভিজাত চুক্তি স্বাক্ষর করার জন্য ধন্যবাদ।

